# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 30, 1430 Bangla, March 14, 2024, Thursday, No. 74, 54th year


# H I G H L I G H T S

PM Sheikh Hasina urges all to stand beside the common people as much as possible instead of holding iftar parties during Ramadan. (VOA: 09)

AL GS condemns & protests the irrational & thoughtless statements of BNP leaders. Political bankrupt BNP's demand of dialogue is meaningless as the party is isolated from people. (Jago FM: 20)

BNP leader Mirza Abbas says, BNP does politics to establish democracy, not for power. Adds, this government will be ousted through peaceful protesting to ensure people's right to vote. (R. Today: 17)

State Minister for Shipping Khalid Mahmud Chowdhury says, govt. is determined to bring back safely the 23 sailors of the Bangladeshi ship held hostage by Somali pirates in the Indian Ocean. (VOA: 19)

HC issues a rule asking IGP for a list of the total number of workers who have been arrested in raids on various hotels and restaurants after the Bailey Road fire incident in Dhaka. (VOA: 10)

DG of Directorate of National Consumers Right Protection AHM Shafiquzzaman says, the prices of vegetables are increasing due to extortion in trucks and market committee syndicate. (R. Today: 18)

A court in Dhaka has sentenced two people to life imprisonment and acquitted victim's brother in law and his wife in 35-year earlier much talked Sagira Morshed murder case. (R. Today: 17)

Three people, including a Bangladeshi, have been killed in a shootout with police in Malaysia. Police say they are members of Centro gang and involved in the recent robberies and vandalism of gold shops. (R. Today: 18)

Chhatra League has been accused of attacking a discussion meeting on the importance, significance and masala-masael of Ramadan in Dhaka University. 7 students were injured in this incident. (R. Tehran: 12)

At least 35 people were burnt after a gas cylinder exploded in a house in Telirchala area at Konabari of Kaliakoir upazila in Gazipur. (R. Today: 19)

Only 50% of aid requested in 2023 for Rohingya in BD has been received. UN asks for $852.4 million for 2024. Analysts fear that due to war in Ukraine and situation in Gaza, may further reduce the aid. (DW: 15)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ৩০, বাংলা ১৪৩০, মার্চ ১৪, ২০২৪, বৃহস্পতিবার, নং-৭৪, ৫৪তম বছর**

# শিরোনাম

রমজান মাসে ইফতার পার্টি না করে সেই অর্থ দিয়ে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর অনুরোধ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়াঃ ০৯)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এক বিবৃতিতে বিএনপি নেতাদের অযৌক্তিক ও অবিবেচনা প্রসূত বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। রাজনৈতিক দেউলিয়াত্বের ভারে বিধ্বস্ত, জনবিচ্ছিন্ন বিএনপির এ আলোচনার আবদার অর্থহীন। (জাগো এফএম: ২০)

ক্ষমতার জন্য নয় বিএনপি গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য রাজনীতি করে বলে মন্তব্য করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। তিনি বলেছেন, মানুষের ভোটের অধিকার নিশ্চিতের জন্য শান্তিপুর্ণভাবে আন্দোলন করে এ সরকারের পতন ঘটানো হবে। (রে. টুডে : ১৭)

ভারত মহাসাগরে সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশী জাহাজের ২৩ নাবিকদের সুস্থ ফেরত আনার বিষয়ে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। (রে. টুডে : ১৯)

ঢাকার বেইলি রোডের আগুনের ঘটনার পর, বিভিন্ন হোটেল-রেস্তোরাঁয় অভিযান চালিয়ে মোট কতজন শ্রমিককে গ্রেফতার করা হয়েছে আইজিপি,র কাছে এর তালিকা চেয়েছে হাইকোর্ট। (ভোয়াঃ ১০)

ট্রাকে ট্রাকে চাঁদাবাজি এবং বাজার কমিটির সিন্ডিকেটের কারণে সবজির দাম বাড়ছে বলে মন্তব্য করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এ এইচ এম শফিকুজ্জামান। (রে. টুডে : ১৮)

৩৫ বছর আগে রাজধানীর সিদ্ধেশ্বরীতে ছগিরা মোরশেদ হত্যা মামলায় দুই আসামির যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। অভিযোগ প্রমাণিত না হয় নিহতের ভাসুর ডাক্তার হাসান আলী চৌধুরী ও তার স্ত্রী সায়েদাতুল মাহমুদা ওরফে শাহীনকে বেকসুর খালাস দিয়েছেন আদালত। (রে. টুডে : ১৭)

মালয়েশিয়ায় পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে এক বাংলাদেশীসহ তিনজন নিহত হয়েছে যাদেরকে দেশটির সেন্ট্রো গ্যাংয়ের সদস্য বলছে মালয়েশিয়ান পুলিশ। পুলিশ বলছে সম্প্রতি সোনার দোকানে ডাকাতি ছিনতাই ও ভাঙচুরের সঙ্গে এই সেন্ট্রো গ্যাং সদস্যরা জড়িত। (রে. টুডে : ১৮)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে রমজানের গুরুত্ব, তাৎপর্য ও মাসলা-মাসায়েল শীর্ষক এক আলোচনা সভায় হামলার অভিযোগ উঠেছে ছাত্রলীগের বিরুদ্ধে। এতে ৭ শিক্ষার্থী আহত হয়েছেন। (রেডিও তেহরান: ১২)

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার তেলিরচালা এলাকায় একটি বাড়িতে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে কমপক্ষে ৩৫ জন দগ্ধ হয়েছেন। (রে. টুডে : ১৯)

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের জন্য ২০২৩ সালে যে সহায়তা চাওয়া হয়েছিল তার মাত্র ৫০ শতাংশ পাওয়া গেছে। এই অবস্থায় ২০২৪ সালের জন্য ৮৫২.৪ মিলিয়ন ডলার চেয়েছে জাতিসংঘ। বিশ্লেষকদের আশঙ্কা, বিশ্ব পরিস্থিতি বিশেষ করে ইউক্রেন যুদ্ধ ও গাজা পরিস্থিতির কারণে সামনে সহায়তা আরো কমতে পারে।
(ডয়চে ভেলে : ১৫)

# বিবিসি

## ভারতের নতুন নাগরিকত্ব আইন কি মুসলমান বিরোধী?

ভারতের নাগরিকত্ব পাওয়ার যে নতুন আইন সোমবার থেকে চালু হয়েছে, সেটিকে অনেকে মুসলিম বিরোধী আইন বলে বর্ণনা করলেও বিজেপি দাবি করছে যে, মুসলমানদের সঙ্গে এই আইনের কোনও সম্পর্ক নেই। আবার বাংলাদেশ থেকে ভারতে চলে আসা হিন্দুদের একটা অংশের মধ্যেও দ্বিধা আছে যে নতুন আইনে তারা আবেদন করবেন কী না, তা নিয়ে। এদিকে সোমবার রাতে নোটিফিকেশন জারি করে সংশোধিত নাগরিকত্ব আইন চালু করার পরে মঙ্গলবার থেকে ভারত সরকার একটি ওয়েবসাইট চালু করেছে। সেখানে বলা হয়েছে, যারা বাংলাদেশ, পাকিস্তান আর আফগানিস্তান থেকে ভারতে এসেছেন, সেই হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান, জৈন, পারসি এবং শিখ সম্প্রদায়ের মানুষরা এখন ভারতের নাগরিকত্ব পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। সংশোধিত নাগরিকত্ব আইন যখন ২০১৯ সালে পাশ করানো হয়েছিল, তখন থেকেই ভারতের মুসলমানদের একটা বড় অংশ এবং বিজেপি-বিরোধী দলগুলি আশঙ্কা প্রকাশ করছিল যে এই আইনটির সঙ্গে সম্পৃক্ত করে জাতীয় নাগরিক পঞ্জি হালনাগাদ করা হবে, আর তার মাধ্যমে আসলে মুসলমানদের চিহ্নিত করে ভারতের নাগরিকত্ব বাতিল করে দেওয়া হবে। আবার হিন্দু উদ্বাস্তুদের একটা অংশের আশঙ্কা আছে যে প্রথমে সরকার এটা জেনে নেবে যে তারা আসলে পড়শি দেশ থেকে ভারতে এসেছিলেন, তাই প্রথমে তাদের নাগরিকত্ব ছাড়তে হবে। তারপরে সরকার সিদ্ধান্ত নেবে যে সেই ব্যক্তিকে নাগরিকত্ব দেওয়া হবে কী না। যদি সরকার ওই ব্যক্তিকে নাগরিকত্ব না দেয়, তখন কী হবে? সোমবার থেকে চালু হওয়া সংশোধিত নাগরিকত্ব আইনটিকে মুসলমান বিরোধী বলে অনেকেই অভিযোগ করছেন। পশ্চিমবঙ্গের সংখ্যালঘু যুব ফেডারেশনের প্রধান মুহম্মদ কামরুজ্জামানের আশঙ্কা, "যারা দেশান্তরিত হয়ে ভারতে চলে এসেছেন, তাদের নাগরিকত্ব দেওয়া হোক এটা এখানকার মুসলমান সমাজও চায়। এমনকি এত বছর ধরে কেন তাদের নাগরিকত্ব দেওয়া হয়নি, সেটাও আমাদের প্রশ্ন। কিন্তু একই সঙ্গে এরকমটা হবে না তো, যে এখন অ-মুসলমানদের নাগরিকত্ব দেওয়া হল, এর পরে সেই সূত্র ধরে ভূমিপুত্র মুসলমানদের কাছেও নাগরিকত্বের প্রমাণ চাওয়া হবে?„ তবে এই আশঙ্কা অমূলক বলে মনে করছেন বিজেপি নেতারা। বিজেপি নেতা অধ্যাপক বিমল শঙ্কর নন্দ বলছেন, "এটা কোন দিক থেকে মুসলমান বিরোধী আইন? মুসলমানদের কথা তো আইনের কোথাও লেখাই নেই! হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান, জৈন, পারসি আর শিখরা যারা পাকিস্তান, আফগানিস্তান আর বাংলাদেশ থেকে চলে এসেছেন ভারতে, তাদের নাগরিকত্ব দেওয়ার আইন এটা। কারও নাগরিকত্ব এই আইনের মাধ্যমে কেড়ে নেওয়া হবে, এটা সম্পূর্ণ ভুল প্রচার। "বাংলাদেশ থেকে ভারতে চলে এসেছেন, এরকম মানুষের মধ্যে যেমন হিন্দু আছেন, তেমনই রয়েছেন অনেক মুসলমানও। সংশোধিত আইনে বাংলাদেশ থেকে ভারতে আসা সেই সব মুসলমানরা ভারতের নাগরিক হওয়ার জন্য আবেদন করতে পারবেন না। যদিও বাংলাদেশ থেকে আসা হিন্দু এবং মুসলমানদের একটা বড় অংশই কোনও না কোনও ভাবে ভারতের আধার কার্ড, ভোটার কার্ডের মতো পরিচয় পত্র জোগাড় করে ফেলেছেন। মুসলমানরা নাগরিকত্বের আবেদন না করতে পারলেও ভারতীয় পরিচয়পত্রগুলি সরিয়ে রেখে নতুন করে ভারতের নাগরিকত্বের জন্য আবেদন করবেন বাংলাদেশ থেকে আসা হিন্দুরা? এ নিয়ে দ্বিধায় আছেন তারা।

বাংলাদেশ থেকে ২০০০ সালে ভারতে চলে এসেছেন, এমন একজন হিন্দু ব্যক্তি নাম প্রকাশ না করার শর্তে বলছিলেন, "আমার তো ভারতীয় পরিচয়পত্র সবই আছে। আমি নতুন করে আবার আবেদন করব কেন?„ আবার কলকাতা লাগোয়া অঞ্চলে বাস করেন এমন এক ব্যক্তি, যিনি বাংলাদেশ থেকে প্রায় ২৫ বছর আগে চলে এসেছেন, তিনি বলছিলেন, "নতুন আইনে নাগরিকত্বের আবেদন করব কী না, তা নিয়ে একটু দ্বিধায় আছি।" আরও অনেকের মধ্যেই এ নিয়ে দ্বিধা আছে যে নতুন ব্যবস্থায় আবেদন করলেই তাদের বর্তমান পরিচয়পত্রগুলি বাতিল হয়ে যাবে। এরপরে যদি কোনও কারণে তাদের নাগরিকত্বের আবেদন গৃহীত না হয়, তখন তো তারা দু কুলই হারাবেন। বিজেপির নেতা অধ্যাপক বিমল শঙ্কর নন্দ বলছিলেন, "যেসব পরিচয়পত্র ওই ব্যক্তিদের বা তার মতো বাংলাদেশ থেকে আসা আরও বহু মানুষের রয়েছে, সেগুলো কিন্তু বেআইনি পথে জোগাড় করা। তারও ওপরে, ওই সব পরিচয় পত্রগুলোর কোনোটাই নাগরিকত্বের প্রমাণ নয়। একমাত্র পাসপোর্টই হল নাগরিকত্বের প্রমাণ। "কোনও ভাবে যদি এটা প্রমাণ হয়ে যায় ওইসব পরিচয় পত্র ভুয়ো নথির মাধ্যমে পেয়েছেন ওই ব্যক্তি, সেটা কিন্তু গুরুতর অপরাধ বলে গণ্য করা হবে,„ বলছিলেন মি. নন্দ।

অন্যদিকে রাজনৈতিক বিশ্লেষক অমল সরকার বলছেন, সংশোধিত নাগরিকত্ব আইন বাংলাদেশে হিন্দু, বৌদ্ধদের সমস্যায় ফেলতে পারে। তার কথায়, "এটা ঠিকই সংশোধিত নাগরিকত্ব আইন তৈরি করে মেরুকরণের রাজনীতি করার চেষ্টা করছে বিজেপি। তবে তার থেকেও বড় ইস্যু হল এই আইনটা পড়শি দেশগুলোতে সেখানকার সংখ্যালঘুদের সমস্যায় ফেলতে পারে। আফগানিস্তান আর পাকিস্তানের কথা বাদ দিলেও বাংলাদেশে হিন্দু, বৌদ্ধদের এবারে শুনতে হতেই পারে যে তোমাদের দেশ আছে তো ভারত, সেখানেই চলে যাও নাগরিকত্ব পেয়ে যাবে। তারা সমস্যায় পড়লে

কী হবে?„ সংশোধিত নাগরিকত্ব আইন চালু হওয়ার পরেই সোমবার রাত থেকেই আসামে এর বিরোধিতা শুরু হয়ে যায়। মঙ্গলবার বন্ধেরও ডাক দিয়েছিল কয়েকটি সংগঠন। তবে সেই ডাকে বিশেষ সাড়া মেলেনি বলেই রাজধানী গুয়াহাটির স্থানীয় সাংবাদিকরা জানাচ্ছেন। সিএএ-র বিরোধিতা শুরু হতে পারে, এই আশঙ্কায় রাজ্য পুলিশের তরফে সোমবার রাত থেকেই লিখিতভাবে কড়া অবস্থান নেওয়া হয়। বন্ধ-হরতাল করে অথবা রাস্তা অবরোধ, ভাঙচুরের ঘটনা ঘটলে পুলিশ কঠোর হাতে তা দমন করবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়। তবে মঙ্গলবারও রাজ্যের বিভিন্ন শহরে বিক্ষোভ প্রদর্শন করেছে বিজেপি বিরোধী দলগুলি। সিএএ বিরোধীরা বলছে, ১৯৮৫ সালের আসাম চুক্তি অনুযায়ী ১৯৭১ সালের ২৪ মার্চ রাত পর্যন্ত রাজ্যে আসা `বিদেশিদের নাগরিকত্ব দেওয়ার কথা। "সারা দেশে যেখানে দেশভাগের পরের কয়েক বছরে পাকিস্তান থেকে আসা মানুষদের নাগরিক বলে বিবেচনা করা হয়, সেখানে আমরা আসামে সেই তারিখটা ১৯৭১ সাল পর্যন্ত মেনে নিয়েছি আসাম চুক্তি অনুযায়ী, শান্তি প্রতিষ্ঠার স্বার্থে। কিন্তু এখন যদি ২০১৪ সাল পর্যন্ত যারা অন্য দেশ থেকে ভারতে এসেছেন, তাদেরও নাগরিকত্ব দেওয়ার কথা ওঠে, যেমনটা নতুন আইনে বলা হয়েছে, তাহলে তো তা আসাম চুক্তিটাকেই অস্বীকার করা হয়,„ বলছিলেন আসাম থেকে নির্বাচিত রাজ্যসভার সংসদ সদস্য অজিত ভুঁইঞ্যা। (বিবিসি ওয়েব পেজ:১৩.০৩.২০২৪ রিহাব)

## 'আমাদের সোমালিয়ার দিকে নিয়ে যাচ্ছে, আর হয়ত কথা হবে না'

"ওরা বন্দুক নিয়ে আমাদের ঘেরাও করে ফেলেছে। আমরা সবাই জিম্মি। আমাদের সোমালিয়ার দিকে নিয়ে যাচ্ছে। আর হয়ত তোমাদের সাথে কথা হবে না।„ মঙ্গলবার ভারত মহাসাগরে সোমালিয়ার জলদস্যুদের দখলে নেয়ার পর ঐ জাহাজের চিফ অফিসার আতিকুল্লাহ খান কথাগুলো বলছিলেন তার মা শাহানুর বেগমের কাছে। বুধবার সকালে বিবিসি বাংলার কাছে কথাগুলো বলে কান্নায় ভেঙ্গে পড়েন তিনি। এসময় তিনি বলেন, "তার সাথে যখন কথা বলি তখনও তার ফোন খোলা ছিল। আমরা তখন ইফতার করছিলাম।„ ইফতারের পাঁচ মিনিট পরে আতিকুল্লাহ খান একটি ভয়েজ এসএমএস পাঠান তার স্ত্রীর কাছে। যেখানে তিনি বলেন, "আমাদের ফোন নিয়ে ফেলতেছে মনে হয়। দোয়া কইরো। ফোন নিয়ে যাচ্ছে।„ বাংলাদেশ সময় মঙ্গলবার দুপুর দেড়টায় এমভি আব্দুল্লাহ জাহাজটি সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়ার পর সন্ধ্যা পর্যন্ত অনেকেই তাদের পরিবার কিংবা মালিকানা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে হোয়াটসঅ্যাপের ফোন কিংবা ভয়েজ এসএমএস‚র মাধ্যমে। কিন্তু সন্ধ্যার পর আর যোগাযোগ করতে পারেনি তারা। বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে ওই জলদস্যুরা সবার ফোনগুলো কেড়ে নেয়।

জাহাজটি এখন কোথায় আছে আর কেমন আছে জিম্মি ২৩ নাবিক? এ বিষয়ে মালিকানা প্রতিষ্ঠান কেএসআরএম‚র মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "একটি গোপন ডিভাইসের মাধ্যমে আমরা গভীর রাতে একজন জিম্মি নাবিকের সাথে কথা বলেছি। তারা সবাই সুস্থ আছে। তবে এখনো কোন ধরনের মুক্তিপণ দাবি করেনি।„ নাবিকরা জিম্মি হওয়ার পর থেকে উদ্বেগ উৎকণ্ঠা বাড়ছে পরিবারে। এই অবস্থা থেকে তারা কবে মুক্তি পাবে জানতে পরিবার ভিড় করছে চট্টগ্রামের আগ্রাবাদে কেএসআরএম‚র অফিসের সামনে। এমন পরিস্থিতিতে মঙ্গলবার দুপুরে সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, "জাহাজটি এখনো জলদস্যুদের নিয়ন্ত্রণেই আছে। ২৩ জন জিম্মি নাবিকের জীবন রক্ষা করে নিরাপদে নিয়ে আসা আমাদের প্রথম কাজ। আমরা সেই কাজটি করার চেষ্টা করছি।„ দখলে নেয়ার পর গতকাল সন্ধ্যা থেকে জাহাজটি সোমালিয়া উপকূলের দিকে নিয়ে যাচ্ছিলো জলদস্যুরা। বাংলাদেশ নৌপরিবহন অধিদপ্তরে মহাপরিচালক কমোডোর এম মাকসুদ আলম বিবিসি বাংলাকে বলেন, "সোমালিয়ার রাজধানী মোগাদিসু থেকে বতর্মানে ৪৮০ নটিক্যাল মাইল দূরত্বে অবস্থান করছে জাহাজটি। গতিপথ দেখে মনে হচ্ছে জলদস্যুরা এটিকে সোমালিয়া উপকূলের দিকে নিয়ে অগ্রসর হচ্ছে।„ মোজাম্বিকের মাপুতু বন্দর থেকে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে মঙ্গলবার বাংলাদেশ সময় বেলা দেড়টায় জাহাজটিতে ওঠে সোমালিয়ান জলদস্যুরা। এ সময় জাহাজটিতে ৫৫ হাজার টন কয়লা ছিল। এই জাহাজে থাকা ২৩ নাবিকের সবাই বাংলাদেশি। জলদস্যুরা জাহাজটি দখলে নেয়ার পর জাহাজের চিফ অফিসার মোহাম্মদ আতিকুল্লাহ খান বিভিন্ন জায়গায় যোগাযোগের চেষ্টা করেন। পুরো পরিস্থিতির বর্ণনা জানিয়ে জাহাজটির মালিক প্রতিষ্ঠানকে গোপনে একটি অডিও বার্তাও পাঠান। ওই অডিও বার্তাটি এসেছে বিবিসি বাংলার হাতে। তিন মিনিট ৩৪ সেকেন্ডের সেই অডিও বার্তায় জাহাজটি নিয়ন্ত্রণ ও দখলে নেয়ার পুরো ঘটনার একটা ধারণা পাওয়া যায়। অডিও বার্তায় মি. খান বলছিলেন, "সকালে জাহাজের সময় আনুমানিক সাড়ে দশটায়, জিএমটি ৭.৩০ মিনিটের সময় একটি হাইস্পিড স্পিডবোট আমাদের দিকে আসছিলো। তখন সাথে সাথে অ্যালার্ম দিলাম। আমরা সবাই ব্রিজের দিকে গেলাম। তখন ক্যাপ্টেন আর সেকেন্ড অফিসার ব্রিজে ছিল। আমরা ঝিকঝাক কোর্স করলাম। তারপর এএমএস-এ করলাম। ইউকে এমটিকেও ট্রাই করলাম। কিন্তু তারা ফোন রিসিভ করেনি। এর মধ্যে জলদস্যুরা চলে আসলো।„ অডিও বার্তায় মি. খান জানান, "চলে আসার পর ওরা ক্যাপ্টেন স্যার ও সেকেন্ড অফিসারকে জিম্মি করে। আমাদের ডাকলো। আমরা সবাই আসলাম। আমাদের ডেকে কিছু ফাঁকা গুলি করলো। আমরা একটু ভয় পেয়েছি। সবাই ব্রিজে বসে ছিলাম। কারো গায়ে হাত তোলেনি। শুধু সেকেন্ড অফিসারকে একটু মারধর করেছে। তারপর আরেকটি স্পিডবোটে করে আরও

কয়েকজন চলে আসলো। এভাবে একটু সময়ের মধ্যেই প্রায় ১৫-২০ জন চলে আসে। এর কিছুক্ষণ পরে একটি বড় ফিশিং বোট আসলো। এটা ছিল একটা ইরানিয়ান ফিশিং বোট। এই বোটটি নাকি তারা আরও একমাস আগে ক্যাপচার করেছিলো। তারা এটাতেই ছিল। এটি দিয়ে তারা এক মাস ধরে নতুন কোনো জাহাজ খুঁজতেছিলো। আনফরচুনেটলি ওরা আমাদের জাহাজে আসলো।„ চিফ অফিসার মোহাম্মদ আতিকুল্লাহ খান অডিও বার্তায় আরও বলেন, ”এই ফিশিং বোটের তেল শেষ হয়ে গিয়েছিল। এখন আমাদের জাহাজে থেকে ওরা ডিজেল নিচ্ছে। আমরা আমাদের পাম্প থেকে ওদের ডিজেল দিচ্ছি। এছাড়া ওদের কোনো নেয়ার সিস্টেম নাই। তারপর ওরা জাহাজ স্টপ করালো। এরপর সেকেন্ড ইঞ্জিনিয়ার, থার্ড ইঞ্জিনিয়ারকে নিয়ে ইঞ্জিন রুমে গেলো। তারপর জাহাজের ইঞ্জিন বন্ধ করে দেয়। এখন পর্যন্ত জাহাজের কোনো ক্ষয়ক্ষতি হয়নি। এবং আল্লাহর রহমতে আমাদেরও কোনো ক্ষয়ক্ষতি হয়নি। তবে সবাই একটু ভয় পাচ্ছে। ওরা ভয় দেখাচ্ছে।„

মি. খান তার অডিও বার্তায় জানান, জাহাজে ২০-২৫ দিনের খাবার দাবার মজুদ আছে। ২০০ মেট্রিক টন খাবার পানি আছে। আমরা সবাইকে বলছি ফ্রেশ ওয়ার্টার সেফলি সবাইকে ইউজ করতে। আমরা এগুলো ওভাবেই হ্যান্ডেল করবো। তবে, একটা সমস্যা হচ্ছে জাহাজে কোল্ড কার্গো আছে প্রায় ৫৫ হাজার টন। এটা ডেঞ্জারাসও কার্গো। এতে ফায়ারেরও ঝুঁকি আছে। এতে মিথেন কনসেনট্রেশনও বেড়ে যায়। লাস্ট যখন অক্সিজেন মাপা হয় তখন ৯-১০ শতাংশ লেভেল ছিল। মালিকপক্ষের কাছে পাঠানো অডিওর শেষ দিকে তিনি বলেন, ”আমাদের জন্য দোয়া করবেন, স্যার। আমাদের পরিবারকে একটু দেখবেন, স্যার। সান্ত্বনা জানাবেন, স্যার। আসসালামুলাইকুম।„ দুপুরে জাহাজের নিয়ন্ত্রণ নেয়ার পর সন্ধ্যা পর্যন্ত নাবিকরা পরিবারের সাথে হোয়াটঅ্যাপে কথা বলেন। কেউ কেউ ক্ষুদে বার্তা পাঠান যে তারা জিম্মি হয়েছেন। এমভি আব্দুল্লাহ,র ওয়েলার পদে কর্মরত মোহাম্মদ শামসুদ্দিন ঐ ঘটনার পর পরিবারের সাথে কথা বলেন। হোয়াটঅ্যাপে শামসুদ্দিন তার স্ত্রীকে বলেন, জলদস্যুরা মোবাইল নিয়ে যাচ্ছে আর কথা হবে না। চিফ অফিসার আতিকুল্লাহ খান ইফতারের আগে বেশ কয়েকবার কথা বলে পরিবারের সাথে। কিন্তু ইফতারের পর যোগাযোগ করতে পারেনি। তার মা শাহানুর বেগম বিবিসি বাংলাকে বলেন, ”আমার ছেলের আমার সাথে সর্বশেষ যখন কথা হয় তখন আমাকে সে জানায় আমাদের সোমালিয়া নিয়ে যাচ্ছে। যখন ওরা জাহাজে উঠছিলো তখন প্রায় ছয়শ, কিলোমিটার দূরে ছিল জাহাজটি„। ওখানে পৌঁছাতে আড়াই দিন সময় লাগবে বলেও আতিকুল্লাহ খান তার মা কে জানিয়েছিলেন। তার মা বলছিলেন, ”আমাদের মনের অবস্থা কী বুঝতেই তো পারছেন। তিনটা ছোট ছোট মেয়ে জড়িয়ে ধরে কিছুক্ষণ পরপর কান্না করতেছে। ওর স্ত্রী পাঁচ মাসের সন্তানসম্ভবা। সেও কিছুক্ষণ পরপর অসুস্থ হয়ে পড়ছে। গতকালও সে হাসপাতালে ছিল।„ যে কোনো কিছুর বিনিময়ে শাহানুর বেগম তার ছেলেসহ জিম্মিদের মুক্তি দিতে প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করেন।

একইভাবে নাবিক সাজ্জাদ হোসেন তার পরিবারের সদস্যদের ফোন দিয়ে জানান, ”আমাদের জলদস্যুরা ঘিরে ফেলেছে। গোলাগুলিও করছে। দোয়া করো আমার জন্য।„ স্বজনদের এমন খবরে প্রতিটি পরিবারই কান্নায় ভেঙ্গে পড়েন গতকাল দুপুর থেকে। দ্রুত আটকে পড়া নাবিকদের মুক্তির জন্য তারা সরকারের সহযোগিতাও চান। বুধবার সকাল থেকে জিম্মি নাবিকদের স্বজনরা ভিড় করেন আগ্রাবাদের জাহাজটির মালিকানা প্রতিষ্ঠান কেএসআরএম,র কার্যালয়ের সামনে। তাদের অনেকেই জানতে চান কবে মুক্তি পাবেন তাদের স্বজনরা। গণমাধ্যমে তারা জানান, জলদস্যুরা জাহাজে ওঠার পর পরিবারের সাথে অনেকেরই যোগাযোগ হয়নি। পারভিন নামে এক জিম্মির স্বজন এসে গণমাধ্যমে জানান, তার ভাই জাহাজে সাধারণ নাবিক হিসেবে কর্মরত ছিল। জিম্মি হওয়ার পর থেকে তার সঙ্গে কোনো যোগাযোগ হয়নি। এমন অনেকের স্বজনই সেখানে ছিলেন। মালিকানা প্রতিষ্ঠানটি আশ্বস্ত করেছে দ্রুত যোগাযোগ করে তাদের মুক্তির ব্যাপারে কাজ করছে কেএসআরএম এর এসআর শিপিং গ্রুপ। কেএসএআরএম গ্রুপের সিইও মেহেরুল করিম বিবিসি বাংলাকে বলেন, ”গতকাল রাতে সোমালিয়া উপকূলের দিকে রওনা দেয়ার সময় তারা একটি ম্যাসেজ পাঠিয়ে জানায় উপকূলের দিকে রওনা দিয়েছে। হয়তো কাল সকাল কিংবা দুপুরের দিকে পৌঁছাবে।„ এআর শিপিং গ্রুপ বলছে, এখন পর্যন্ত জলদস্যুদের পক্ষ থেকে কোনো ধরনের যোগাযোগ করা হয়নি। কিন্তু মুক্তিপণের বিষয়েও কিছু জানানো হয়নি।

কেএসআরএম এর মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম রোববার বিবিসি বাংলাকে বলেন, ”সর্বশেষ মঙ্গলবার গভীর রাতে একজন নাবিকের সাথে কথা হয়েছে আমাদের। তখন একজন নাবিক আমাদের বলেছেন, সবাই সুস্থ ও নিরাপদে আছেন। সেই ম্যাসেজটা আমাদেরকে জানিয়েছেন।„ মঙ্গলবার দুপুরে জাহাজটি জলদস্যুদের কবলে পড়ার পর এ খবর ছড়িয়ে পড়ে সারাদেশে। তখন নৌপরিবহন মন্ত্রণালয়ও বিষয়টি তদারকি শুরু করে। বাংলাদেশ নৌবাহিনী ও বিভিন্ন অ্যাপসের মাধ্যমে সর্বশেষ এমভি আব্দুল্লাহ জাহাজের যে অবস্থান দেখা যাচ্ছে সেটি ছিল সোমালিয়া উপকূলের কাছাকাছি। বাংলাদেশ নৌপরিবহন অধিদপ্তর বলছে, গতকাল বাংলাদেশ সময় দুপুরে জাহাজটি যখন জলদস্যুরা নিয়ন্ত্রণে নিয়েছিলো, তখন এটি সোমালিয়া উপকূল থেকে প্রায় ৫৭০ মাইল দূরত্বে ছিল। বর্তমানে জাহাজের অবস্থান রয়েছে সোমালিয়ার রাজধানী মোগাদিসু থেকে সাড়ে চারশো নটিক্যাল মাইলের কাছাকাছি দূরত্বে। নৌপরিবহন

অধিদপ্তরের মহাপরিচালক কমোডোর এম মাকসুদ আলম বিবিসি বাংলাকে বলেন, ”এটি আস্তে আস্তে সোমালিয়া উপকূলের দিকে নিয়ে যাওয়া হচ্ছে বলেও দেখা যাচ্ছে ট্র্যাকিং ম্যাপে।„ এমন অবস্থায় সোমালিয়া উপকূলে পৌঁছাতে আরও কত সময় লাগবে? জবাবে নৌপরিবহন অধিদপ্তর বলছে, ”জাহাজটি খুব ধীরে ধীরে চলছে। জলদস্যুদের গতিবিধি একেক সময় একেক রকম। আরও দেড় থেকে দুই দিন লাগবে বলে ধারণা দেন প্রতিষ্ঠানটির মহাপরিচালক। কেএসআরএম গ্রুপের মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, জিম্মি অবস্থায় জাহাজটি ভারত মহাসাগরের সোমালিয়া উপকূলের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। উপকূলে পৌঁছাতে কমপক্ষে আরও একদিন সময় লাগবে। তারা এখনো কোনো প্রস্তাব দেয় নাই। আমরা বিভিন্নভাবে তাদের সাথে যোগাযোগ করার চেষ্টা করছি। মি. ইসলাম বলেন, ”সাধারণ দস্যুদের একটি ক্যারেক্টার থাকে। তারা আটকের পরই কোনো ডিমান্ড করে না। তারা আসলে একটা সেইফ জোন খুঁজে। সেইফ জোন তৈরি করার পর তারা আমাদের ডিমান্ড দিবে। দেন দরবার করবে। এখনো হয়তো সেইফ জোনে এখন তারা এখনো পৌঁছাতে পারেনি বলেই হয়তো এই বিষয়গুলো নিয়ে আলোচনা করতে পারেনি।„ এমন পরিস্থিতি বুধবার সংবাদ সম্মেলন করে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, ”জিম্মি নাবিকরা এই মুহূর্তে সুস্থ ও নিরাপদে আছে। আমরা নাবিকদের নিরাপদে উদ্ধার ও জাহাজটিকে রক্ষা করার চেষ্টা করছি।„
(বিবিসি ওয়েব পেজ:১৩.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### আরো ৮৫ কোটি ২৪ লাখ ডলার সহায়তা চেয়েছে ইউএনএইচসিআর

জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর ও এর অংশীদার মানবিক সংস্থাগুলো রোহিঙ্গা শরণার্থী ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগণের সুরক্ষা ও সহায়তা প্রদানের জন্য বুধবার (১৩ মার্চ) আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে আবার আহবান জানিয়েছে। সংস্থাটির সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ উদারভাবে আশ্রয় দিচ্ছে প্রায় ১০ লাখ রোহিঙ্গা শরণার্থীদের, যাদের বেশির ভাগই মিয়ানমার থেকে পালিয়ে এসেছিলেন ৭ বছর আগে। বাংলাদেশ সরকারের নেতৃত্বে, রোহিঙ্গা মানবিক সংকটের জন্য ২০২৪ সালের কর্মকাণ্ডের যৌথ পরিকল্পনা বা জয়েন্ট রেসপন্স প্ল্যান (জেআরপি) ঘোষণা করা হয়েছে বুধবার। রোহিঙ্গা শরণার্থী ও তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগণ মিলিয়ে মোট ১৩ দশমিক ৫ লাখ মানুষ রয়েছে। তাদের সহায়তায় ৮৫ দশমিক ২৪ কোটি ডলারের আবেদন জানানো হয়। এই কর্ম-পরিকল্পনা এবং আনুষঙ্গিক আর্থিক চাহিদা বুধবার জেনেভায় দাতাদের সামনে তুলে ধরেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন, বাংলাদেশের প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া, জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাই কমিশনার ফিলিপ্পো গ্র্যান্ডি এবং জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থার মহাপরিচালক এমি পোপ। মিয়ানমারে ক্রমবর্ধমান সংঘাতের এই সময়ে, বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক সংহতি এবং শরণার্থীদের সুরক্ষা আগের যে কোনো সময়ের চেয়ে সবচেয়ে বেশি প্রয়োজন বলে উল্লেখ করেন তারা। যৌথ কর্ম-পরিকল্পনায় যুক্ত রয়েছে ১১৭টি সংস্থা; এর অর্ধেকই বাংলাদেশি। পরিকল্পনার লক্ষ্য কক্সবাজার ও ভাসান চরে প্রায় ১০ লাখ রোহিঙ্গা শরণার্থী ও ৩ লাখ ৪৬ হাজার স্থানীয় জনগণকে খাদ্য, আশ্রয়, স্বাস্থ্যসেবা, নিরাপদ পানি, সুরক্ষা পরিষেবা, শিক্ষা, জীবিকামূলক কাজের সুযোগ এবং দক্ষতা উন্নয়নের মাধ্যমে সহায়তা করা। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশে প্রায় ৯৫ শতাংশ রোহিঙ্গা পরিবার ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে এবং তারা মানবিক সহায়তার উপর নির্ভরশীল। এই শরণার্থী জনগোষ্ঠীর ৭৫ শতাংশের বেশি নারী ও শিশু। তারা শোষণ ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ঝুঁকিতে রয়েছে। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, তাদের জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজন টেকসই সহায়তা। পুরো শরণার্থী জনগোষ্ঠীর অর্ধেকের বেশি মানুষের বয়স ১৮-এর নিচে; যাদের শিক্ষা, দক্ষতা-উন্নয়ন ও জীবিকামূলক কাজের সুযোগ সীমিত। এই মানবিক সংকট যখন বৈশ্বিক মনযোগ হারিয়ে ফেলেছে, তখন ক্রমবর্ধমান চাহিদা মেটাতে বাংলাদেশ সরকার, স্থানীয় জনগণ ও দাতব্য সংস্থাগুলোর প্রয়োজন টেকসই আন্তর্জাতিক সমর্থন। বিগত বছরগুলোর অপর্যাপ্ত তহবিল, মিয়ানমারে সহিংসতা ও নিপীড়ন থেকে বাঁচতে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গা নারী, শিশু ও পুরুষদের জীবনে মারাত্মক বিরূপ প্রভাব ফেলেছে। তারা তাদের মৌলিক চাহিদাগুলো মেটাতে হিমশিম খাচ্ছে, আর তাদের সমস্যা আরো প্রকট হওয়ার আশংকা রয়েছে। নিরাপত্তাহীনতা ও প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত জনবহুল শরণার্থী ক্যাম্পে রোহিঙ্গাদের জীবন পুরোপুরি অনিশ্চিত, আর তারা মানবিক সহায়তার ওপর নির্ভরশীল; বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। আন্তর্জাতিক সম্প্রদায়কে অবশ্যই ক্যাম্পে শরণার্থীদের শিক্ষা, দক্ষতা-প্রশিক্ষণ ও জীবিকামূলক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টিতে বিনিয়োগসহ জীবন রক্ষাকারী ও জীবন ধারণে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত রাখতে হবে; বলেছে ইউএনএইচসিআর। সংস্থাটি আরো বলেছে, মৌলিক চাহিদা মেটাতে সংগ্রামরত শরণার্থীদের জন্য এই তহবিল একান্ত প্রয়োজন, এবং এটি হবে তাদের জন্য সীমিত মানবিক সহায়তার পরিপূরক। গত বছরের ডিসেম্বরে, জেনেভায় গ্লোবাল রিফিউজি ফোরামে দেয়া প্রতিশ্রুতিসমূহ নিশ্চিতভাবে পূরণ করার জন্য পদক্ষেপ নেয়া প্রয়োজন বলে উল্লে করেছে ইউএনএইচসিআর। আরো বলেছে, এর মধ্যে রয়েছে রোহিঙ্গাদের আত্মনির্ভরশীলতা বাড়ানোর প্রয়াস, যা তাদের একটি সুস্থ জীবনের আশা জাগিয়ে রাখবে ও সমুদ্রে বিপজ্জনক ভ্রমণে তাদের নিরুৎসাহিত করবে। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## প্রখ্যাত রবীন্দ্র সংগীতশিল্পী সাদী মোহাম্মদ মারা গেছেন

প্রখ্যাত রবীন্দ্র সংগীতশিল্পী সাদী মোহাম্মদ মারা গেছেন। বুধবার (১৩ই মার্চ) রাত ৯টার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এ তথ্য নিশ্চিত করেছেন নৃত্যশিল্পী ও শিল্পীর পারিবারিক বন্ধু শামীম আরা নীপা। মৃত্যুর কারণ জানতে চাইলে নীপা বলেন, ”সাদি মহম্মদের মা মারা যাওয়ার পর থেকেই তিনি এক ধরণের ট্রমার মধ্যে চলে যান। মানসিকভাবে স্বাভাবিক ছিলেন না। মা হারানোর বেদনা সম্ভবত তিনি নিতে পারেননি।„ ”বুধবার রোজা রাখলেন। ইফতার করলেন। এরপরই তিনি নীরবে না ফেরার দেশে পাড়ি জমানোর সিদ্ধান্ত নিয়েছেন বলে আমরা মনে করছি;„ জানান শামীম আরা নীপা। মোহাম্মদপুরের বাসভবনে তাকে মৃত অবস্থায় পাওয়া গেছে বলে জানা যায়। তার এই মৃত্যুকে স্বেচ্ছামৃত্যু বলে মনে করছেন স্বজন ও পরিবারের সদস্যরা। সাংস্কৃতিক ব্যক্তিত্ব নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু বলেন, ”আমি খবর পেয়েছি।„ তার ভাই নৃত্যশিল্পী শিবলী মহম্মদ জানান, আজো তানপুরা নিয়ে তার বড় ভাই সংগীত চর্চা করেছেন। সন্ধ্যার পর হঠাৎ দেখেন ঘরের দরজা বন্ধ। তখন দরজা ভেঙে সাদীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পরিবারের সদস্যরা। সাদী মোহাম্মদ একজন শহীদ পরিবারের সন্তান। তার ভাই শিবলী মোহাম্মদ বাংলাদেশের একজন প্রথিতযশা নৃত্যশিল্পী। সাদী মোহাম্মদ সঙ্গীত ও রবীন্দ্রসঙ্গীত বিষয়ে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছেন। তার প্রথম অ্যালবাম `আমাকে খুঁজে পাবে ভোরের শিশিরে, প্রকাশিত হয় ২০০৭ সালে। এরপর, ২০০৯ সালে তার শ্রাবণ আকাশে ও ২০১২ সালে তার সার্থক জনম আমার অ্যালবাম প্রকাশিত হয়। এছাড়া তিনি সাংস্কৃতিক সংগঠন রবিরাগের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। বাংলা একাডেমি সাদী মোহাম্মদ-কে ১০১৫ সালে রবীন্দ্র পুরস্কার ভূষিত করে। সাদী মোহাম্মদের বাবার নাম শহীদ সলিমউল্লাহ। ১৯৭১ সালে মোহাম্মদপুরের তাজমহল রোডের সি-১২/১০ বাড়িটি ছিলো স্বাধীনতা আন্দোলনের অন্যতম কেন্দ্র। একাত্তরের ২৩ মার্চ তাজমহল রোডের সেই বাড়িতে বাংলাদেশের পতাকা ওড়ান বাবা সলিমউল্লাহ। পতাকা ওড়ানোর সূত্র ধরে একাত্তরের ২৬ মার্চ অবাঙালি বিহারি ও পাকিস্তানি সেনাদের আক্রমণের লক্ষ্যবস্তু হয়ে ওঠে সলিমউল্লাহর বাড়ি। পুড়িয়ে দেয়া হয় পুরো বাড়ি, গুলি করে মারা হয় সলিমউল্লাহকে। গত বছরের জুলাই মাসে সাদী মোহাম্মদের মা জেবুন্নেছা সলিমউল্লাহ মারা যান। এরপর থেকে মানসিক অবসাদে ভুগছিলেন এই সংগীত তারকা।

(ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## জলদস্যুদের হাতে জিম্মি নাবিকদের সুস্থ ফেরত আনতে সরকার বদ্ধপরিকর : নৌপরিবহন প্রতিমন্ত্রী

ভারত মহাসাগরে জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজের নাবিকদের সুস্থ ফেরত আনার বিষয়ে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।বুধবার (১৩ মার্চ) সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন প্রতিমন্ত্রী। অপহরণ হওয়া জাহাজ উদ্ধারে অগ্রগতি জানতে চাইলে নৌপ্রতিমন্ত্রী বলেন, ”যেকোনো মূল্যে আমাদের নাবিকদের আমরা বাংলাদেশে ফেরত আনতে বদ্ধপরিকর।„ এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে বলেও জানান তিনি। বলেন, এখন পর্যন্ত থাকা খবর অনুযায়ী নাবিকরা সুস্থ এবং ভালো আছেন। ”পররাষ্ট্র মন্ত্রণালয়কে আমরা এই বিষয়ে অবহিত করেছি। জাহাজ উদ্ধার করার জন্য আমরা সকলের সহযোগিতা চেয়েছি। আমরা প্রথম যে বিষয়ে গুরুত্ব দিচ্ছি, সেটা হচ্ছে, জাহাজে ২৩ জন নাবিক রয়েছেন, সেই ২৩ জন নাবিকের জীবন নিরাপদ রাখা, জীবন রক্ষা করে তাদেরকে নিরাপদ জায়গায় নিয়ে আসা হচ্ছে আমাদের প্রথম কাজ;„ বলেন খালিদ মাহমুদ। ডিপার্টমেন্ট অফ শিপিং এবং মেরিটাইম সংশ্লিষ্ট যতগুলো উইং আছে সকলে সমন্বিতভাবে কাজ করছে বলে জানান তিনি। জাহাজ উদ্ধারে ভারতের সহযোগিতা চাওয়া হয়েছে বলে জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, ভারত যে সহযোগিতা করবে, তা পররাষ্ট্র মন্ত্রণালয় এবং আন্তর্জাতিক উইং গুলোর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। নাবিকদের ফিরিয়ে আনতে কত সময় লাগতে পারে জানতে চাইলে খালিদ মাহমুদ বলেন, জাহাজটি জলদস্যুদের নিয়ন্ত্রণে, তাই সময়টা এখানে সুনির্দিষ্টভাবে বলা যাচ্ছে না। জলদস্যুদের সঙ্গে যোগাযোগ হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, ”জলদস্যুদের সঙ্গে যোগাযোগ করার জন্য কিছু সংগঠন আছে। জলদস্যুদের সঙ্গে আমাদের কোনো কার্যক্রম নেই। আমাদের সঙ্গে বিভিন্ন দেশের যোগাযোগ আছে।„ ”অলিভিয়া বন্দরে আমাদের জাহাজ আটকে পড়ার পর, আমরা কিছু কিছু পয়েন্টের সহযোগিতা নিয়েছি, সেখানে সফলতা পেয়েছি। যেকোনো মূল্যে আমাদের নাবিকদের বাংলাদেশের ফেরত আনতে আমরা বদ্ধপরিকর;„ তিনি যোগ করেন। সোমালিয়ার জলদস্যুরা জাহাজ জিম্মি করেছে বলা হলেও, তারা সোমালিয়ার কি না, তা এখনো `আইডেন্টিফাইড, করা যায়নি বলে জানান নৌপ্রতিমন্ত্রী। মুক্তিপণ না দিলে জিম্মিদের হত্যার হুমকি দিচ্ছে জলদস্যুরা, এমন তথ্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে খালিদ মাহমুদ চৌধুরী বলেন, ”আমাদের কাছে এই ধরনের সংবাদ এখন পর্যন্ত আসেনি।„ নাবিকদের পরিবার উদ্বিগ্ন; এ বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, ”এসব পরিবারের সদস্য সেখানে আটকে আছে। তাদের কীভাবে দিন কাটছে, তা আমরা অনুভব করছি। প্রধানমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রীকে নির্দেশনা দিয়েছেন। অন্যান্য জায়গাগুলোতে তিনি কথা বলেছেন। নাবিকদের নিরাপদে বাংলাদেশে ফেরত আনার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।„ ভারত মহাসাগরে সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ `এমভি আবদুল্লাহ,কে সোমালিয়ার দিকে নিয়ে যাচ্ছে বলে জানা গেছে। বুধবার (১৩ই মার্চ) দুপুর

পর্যন্ত পাওয়া তথ্য মতে, জাহাজটি তখন উপকূল থেকে প্রায় ২৭৫ নটিক্যাল মাইল দূরে অবস্থান করছিলো এবং সোমালিয়ার দিকে অগ্রসর হচ্ছিলো।

এদিকে, মঙ্গলবার (১২ই মার্চ) সন্ধ্যা ৭টার পর থেকে নাবিকদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এর আগে জাহাজের প্রধান কর্মকর্তা (চিফ অফিসার) মো. আতিকউল্লাহ খান একাধিকবার পরিবারের সঙ্গে যোগাযোগ করেছেন। জানিয়েছেন সেখানের সর্বশেষ পরিস্থিতি। জাহাজে জিম্মি হওয়া কয়েকজন নাবিকের পরিবারের সদস্যরা বুধবার সকাল থেকে জাহাজ মালিকের প্রতিষ্ঠান চট্টগ্রামের আগ্রাবাদের গোসাইডাঙ্গায় অবস্থিত কেএসআরএম অফিসে জড়ো হয়ে উৎকণ্ঠা প্রকাশ করেছেন এবং জিম্মি নাবিকদের উদ্ধারের জন্য দ্রুত পদক্ষপ নেয়ার আহবান জানিয়েছেন। এ সময় জিম্মি নাবিক আব্দুর রশিদ ও আতিকুল্লাহ,র স্ত্রী-সন্তানরা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মেহেরুল করিমের সঙ্গে দেখা করে তাদের উৎকণ্ঠার কথা জানান। মেহেরুল করিম দ্রুত সময়ের মধ্যে জিম্মি নাবিকদের উদ্ধারে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন। মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের এক কর্মকর্তা জানিয়েছেন, মঙ্গলবার সন্ধ্যায় জলদস্যুদের কবলে পড়ার পর জাহাজটির গতি ঘণ্টায় ৫ কিলোমিটার ছিলো। রাত ১১টায় জাহাজটি ট্র্যাকিং অর্থাৎ নজরদারির বাইরে চলে যায়। কেএসআরএম গ্রুপের মালিকানাধীন এসআর শিপিংয়ের জাহাজটি পুরোপুরি দস্যুদের নিয়ন্ত্রণে রয়েছে বলে মঙ্গলবার দুপুর দেড়টার দিকে কোম্পানির কাছে বার্তা পাঠানো হয়। এছাড়া নাবিকদের একাধিক অডিও বার্তায় অস্ত্রসহ জলস্যুদের জাহাজ দখলের কথা জানা যায়। প্রতিষ্ঠানটির কর্মকর্তা ক্যাপ্টেন এনাম জানান, জাহাজে থাকা নাবিকদের সঙ্গে সর্বশেষ মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে কথা হয়েছে। তারা সবাই সুস্থ আছেন। জলদস্যুরা নাবিকদের জাহাজের কেবিনে রেখেছেন। এরপর আর কোনো কথা হয়নি। জলদস্যু নিয়ন্ত্রণে নেয়ার পর জাহাজ থেকে মঙ্গলবার অডিও বার্তায় মো. আতিকউল্লাহ খান মালিকপক্ষ কবির গ্রুপের কর্মকর্তাদের কাছে অবশিষ্ট খাবারের পরিমাণের উল্লেখ করে জানান, তাদের জাহাজে ২০০ টন বিশুদ্ধ পানি ও ২০ থেকে ২৫ দিন খাওয়া যাবে এই পরিমাণ খাবার রয়েছে। দ্রুত যাতে খাবার শেষ না হয়, সেজন্য অপ্রয়োজনী ব্যবহার না করতে জাহাজের সবাইকে জানানো হয়েছে বলেও তিনি জানিয়েছিলেন। যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার আগে, স্ত্রীর কাছে পাঠানো এক অডিও বার্তায় জিম্মি আতিক বলেছিলেন, ”আমাদের কাছ থেকে মোবাইল নিয়ে নিচ্ছে। ফাইনাল কথা হচ্ছে, এখানে যদি টাকা না দেয়, আমাদের একজন একজন করে মেরে ফেলতে বলেছে। তাদের যত তাড়াতাড়ি টাকা দেবে, তত তাড়াতাড়ি ছাড়বে বলেছে। এই বার্তাটা সবাইকে পৌঁছে দিও।„ সোমালীয় জলদস্যদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহতে কর্মরত নাটোরের জয় মাহমুদের পরিবারের প্রতিটা মুহূর্ত কাটছে উৎকণ্ঠায়। অর্ডিনারি নাবিক হিসাবে কর্মরত জয় মাহমুদের বাড়ি নাটোরের বাগাতিপাড়া উপজেলার সালাইনগর গ্রামে। জলদস্যুদের কবলে পড়ার মুহূর্তে জয় তার চাচাতো ভাই মারুফকে জানিয়েছিলেন পরিস্থিতির ভয়াবহতার কথা। তবে বাবা-মাকে জানাতে নিষেধ করেছিলেন। কিন্তু চাপা থাকেনি সে কথা। স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের মাধ্যমে খবর পায় পরিবার। একমাত্র ছেলের বন্দীদশার কথা শোনার পর থেকে বাবা জিয়াউর রহমান ও মা আবিদা বেগমের চোখে ঘুম নেই। তারা চান তাদের সন্তানসহ জাহাজের সবাইকে উদ্ধারে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে সরকার ও জাহাজ কর্তৃপক্ষ। নাটোরের জয় মাহমুদ গত বছরের ২৯ নভেম্বর জাহাজটিতে যোগদান করে। জাহাজে জিম্মি ২৩ জনের মধ্যে চট্টগ্রামের ১১ জন, নোয়াখালীর ২ জন। এছাড়া নাটোর, নওগাঁ, ফরিদপুর, ফেনী, লক্ষ্মীপুর, বরিশাল, নেত্রকোণা, সিরাজগঞ্জ, টাঙ্গাইল ও খুলনার নাবিক রয়েছেন। উল্লেখ্য, কয়লা নিয়ে আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে দুবাইয়ের দিকে যাওয়ার পথে ভারত মহাসাগরে জলদস্যুর কবলে পড়ে বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ। জাহাজটিতে ২৩ জন নাবিক রয়েছেন।(ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## ধর্মীয় অনুভূতিতে আঘাত সংশ্লিষ্ট ধারা জামিন অযোগ্য করার সুপারিশ করেছে হাইকোর্ট

মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থ কুরআন শরিফ, নবী রাসূলসহ সকল ধর্মগ্রন্থ ও ধর্মীয় অবতারদের বিষয়ে কটূক্তি ও অবমাননায় সর্বোচ্চ শাস্তি এবং জামিন অযোগ্য অপরাধ হিসেবে অভিহিত করে আইন প্রণয়ন করতে সরকারকে পরামর্শ দিয়েছে বাংলাদেশ সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগ। মঙ্গলবার (১২ই মার্চ) মহানবীকে (সা.) নিয়ে অবমাননাকর মন্তব্য নিয়ে কুষ্টিয়ার একজনের জামিন আবেদনের বিষয়ে জারি করা রুল নিষ্পত্তি করে বিচারপতি মো. রেজাউল হাসান ও বিচারপতি ফাহমিদা কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ মতামত দেয়। এবিষয়ে, রাষ্ট্রপক্ষের আইনজীবী ডেপুটি অ্যাটর্নি জেনারেল একেএম আমিন উদ্দিন মানিক বলেন, ধর্মীয় অবমাননার বিষয়ে দেয়া এই আদেশ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরণের অপরাধে, সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড, যাবজ্জীবনসহ অজামিনযোগ্য বিধান রখে আইন প্রণয়নের জন্য মতামত দিয়েছে হাইকোর্ট। পর্যবেক্ষণে আদালত, ২০২৩ সালের সাইবার নিরাপত্তা আইনে কুরআন শরিফ, নবী রাসূলসহ সব ধর্মগ্রন্থের বিষয়ে কটূক্তি করলে এই আইনের ধারায় জামিন অযোগ্যসহ সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন কারাদণ্ডের বিধান করতে মত দিয়েছে। আদালত বলেছে, পূর্ববর্তী আইনে জামিন অযোগ্য ধারা ছিলো।

বর্তমান আইনে ধর্মীয় অনুভূতির বিষয়ে কটূক্তি করলে জামিনযোগ্য ধারা হওয়ায় অপরাধ প্রবণতা বাড়ছে। ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমিন উদ্দিন মানিক জানান, কুষ্টিয়া ভেড়ামারা উপজেলার সেলিম খান `হযরত মোহাম্মদকে (সা.) নিয়ে ফেসবুক লিঙ্কে কুরুচিপূর্ণ কমেন্ট করেন। তিনি আরো জানান, এ মামলায় তার জামিন প্রশ্নে রুল শুনানিতে ২৫ লাখ টাকা ব্যাংক গ্যারান্টির মাধ্যমে ও ফেসবুকে `লু*ই*চ্ছা, পোস্টকারী নাফিসা চৌধুরীর বিরুদ্ধে সাক্ষ্য প্রমাণে পর্যাপ্ত প্রমাণ থাকায় সম্পূরক চার্জশিটের মাধ্যমে অভিযুক্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তাসহ উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ দিয়ে, ধারা জামিনযোগ্য হওয়ায় রুল নিষ্পত্তি করেন হাইকোর্ট। হাইকোর্ট অপরাধটির বিষয়ে বলেছে, এটি একটি সংঘবদ্ধ অপরাধ ছিলো এবং উদ্দেশ্য প্রণোদিত অপরাধ ছিলো। কোরআন শরীফ ও হযরত মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে বিজ্ঞানী নিউটন, আইনস্টাইনসহ কেউই কখনো প্রশ্ন তোলেননি। এ সময় বিচারক পবিত্র কোরআন শরিফের ৪২ নম্বর সূরা আশশুরার কয়েকটি আয়াতের বিষয়ে অবতারণা করেন। মামলার এজাহারের তথ্য মতে, গত বছরের ২ নভেম্বর রিলেশনশিপ নামে একটি ফেসবুক লিঙ্কে নাফিসা চৌধুরী লিখেছিলেন `লু*ই*চ্ছা, সর্বপ্রথম কার কার নাম মনে পরে। এর পর, এজাহারভুক্ত অভিযুক্ত ব্যক্তি মো. সেলিম খান ইচ্ছাকৃতভাবে ধর্মীয় মূল্যবোধ ও অনুভূতিতে আঘাত করে পোস্ট করেন। এই বিষয়ে কুষ্টিয়ার হানিফ শাহ বাদী হয়ে গত বছরের ৪ নভেম্বর ভেড়ামারা থানায় মামলা দায়ের করেন। পরে তদন্তকারী কর্মকর্তা পরিদর্শক শেখ লুৎফর রহমান ৩১ ডিসেম্বর অভিযোগ পত্র প্রদান করেন। গত বছরের ১৩ ডিসেম্বর কুষ্টিয়া অবকাশকালীন দায়রা জজ রুহুল আমীন অভিযুক্ত ব্যক্তির জামিন আবেদন না মঞ্জুর করলে, হাইকোর্টে জামিন আবেদন করেন তিনি। হাইকোর্ট চলতি বছরের ৮ জানুয়ারি অভিযুক্ত ব্যক্তির জামিন কেন প্রদান করা হবে না, সেই মর্মে রুল জারি করে। সেই রুল চূড়ান্ত নিষ্পত্তি করে নির্দেশনা দিয়েছে হাইকোর্ট। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## আওয়ামী লীগ গণতন্ত্রের পরিবর্তে দেশে একটি অলিগার্ক তৈরি করেছে : মঈন খান

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন, গণমানুষের দাবি প্রত্যাখ্যান করে ক্ষমতাসীন আওয়ামী লীগ গণতন্ত্রের পরিবর্তে দেশে একটি `অলিগার্ক, তৈরি করেছে। বুধবার (১৩) প্রায় ১০ মাস কারাভোগের পর সম্প্রতি কারাগার থেকে বের হওয়া ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য সচিব রফিকুল আলম মজনুরের শাজাহানপুরের বাসায় যান ড. মঈন খান। সেখানে তিনি এ কথা বলেন। তারা (আওয়ামী লীগ) দেশে ২২০টি ধনিক পরিবার সৃষ্টি করেছে, যেখানে পাকিস্তান শাসনামলে এ ধরনের পরিবারের সংখ্যা ছিল ২২টি;„ বলেন মঈন খান। জার্মান ভিত্তিক একটি গবেষণা প্রতিষ্ঠানের প্রতিবেদনের কথা উল্লেখ করে বিএনপি নেতা মঈন খান বলেন, বাংলাদেশ বিশ্বের এমন একটি দেশ যেখানে ধনী-গরিবের সম্পদের ব্যবধান বেশি এবং দেশে অল্প সময়ের মধ্যে কোটিপতি হওয়া সম্ভব। ড. মঈন খান আরো বলেন, বিএনপি ক্ষমতা দখলের জন্য নয়, জনগণের অধিকার ফিরিয়ে আনার জন্য বর্তমান সরকারের বিরুদ্ধে আন্দোলন করছে। ”বিএনপি এমন একটি রাষ্ট্র পুনর্গঠন করতে চায় যেখানে মানুষ তার অধিকার ভোগ করবে এবং ধর্ম ও বর্ণের প্রতি কোনো বৈষম্য ছাড়াই সম্মান ও মর্যাদার সঙ্গে বসবাস করবে;„ তিনি যোগ করেন। গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে পেশিশক্তির ব্যবহারে নয়, শান্তিপূর্ণ আন্দোলনে বিশ্বাস করে বিএনপি; বলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মঈন খান। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## রমজানে ইফতার পার্টি না করে অসহায় মানুষের পাশে দাঁড়ান : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

রমজানে ইফতার পার্টি না করে, সাধ্যমতো অসহায় মানুষের পাশে দাঁড়াতে সকলের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশর প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার (১৩ মার্চ) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে সভাপতিত্ব কালে এ **আহ্বান** জানান তিনি। বৈঠকের পর, সচিবালয়ে এ বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন। মন্ত্রিপরিষদ সচিব বলেন, ”প্রধানমন্ত্রী আজ একটা আবেদন জানিয়েছেন। তিনি বলেছেন, যারা আগ্রহী বা যাদের সাধ্য আছে, তারা যেন সাধ্য অনুযায়ী সাধারণ মানুষের পাশে দাঁড়ায়। ইফতার পার্টির টাকা নিয়ে যেন সকলে সাধারণ মানুষের পাশে দাঁড়ায়। প্রধানমন্ত্রী ইতোমধ্যেই ইফতার পার্টি না করার সিদ্ধান্ত দিয়েছেন বলে জানান মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন। মন্ত্রিপরিষদ সচিব আরো জানান যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জন্য দুটি সুনির্দিষ্ট নির্দেশনা জারি করেছেন; একটি হলো, কৃষিভিত্তিক সমবায় গড়ে তোলা এবং দ্বিতীয়টি হলো কৃষিপণ্য সংরক্ষণের জন্য দেশের আটটি বিভাগে আধুনিক সংরক্ষণাগার নির্মাণ করা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সঙ্গে সামঞ্জস্য রেখে, কৃষিভিত্তিক সমবায় গড়ে তুলতে কৃষি মন্ত্রণালয় এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতি নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা; জানান মন্ত্রিপরিষদ সচিব। মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন আরো বলেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন এই উদ্যোগ স্বাভাবিক মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করতে এবং অফ সিজনে বাজারে পণ্যের স্বাভাবিক সরবরাহ বজায় রাখতে সহায়তা করবে। আধুনিক সংরক্ষণাগারে বিভিন্ন কৃষি পণ্যের জন্য আলাদা চেম্বার থাকা উচিত বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা; জানান মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন।
(ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশ সফরে যাচ্ছেন ইউএনডিপির শুভেচ্ছা দূত সুইডেনের ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া

সুইডেনের ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) শুভেচ্ছা দূত হিসেবে ১৮ থেকে ২১ মার্চ বাংলাদেশ সফর করবেন। গত বছরের অক্টোবরে ইউএনডিপির শুভেচ্ছা দূত হিসেবে নিয়োগ পাওয়ার পর এটাই তার প্রথম আনুষ্ঠানিক মিশন। জাতিসংঘের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি জেনারেল ও ইউএনডিপি'র এক্সটার্নাল রিলেশনস অ্যান্ড অ্যাডভোকেসি বিভাগের পরিচালক উলরিকা মোদে, ক্রাউন প্রিন্সেস এর সফরসঙ্গী হিসেবে থাকবেন। উলরিকা মোদে বলেন, ”বিশ্বের অন্যতম স্বল্পোন্নত দেশ থেকে সাম্প্রতিক দশকগুলোতে বাংলাদেশ উল্লেখযোগ্য অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের মধ্যে দিয়ে গেছে। আমরা চরম দারিদ্র্য হ্রাস, নারী অধিকার জোরদার এবং জলবায়ু অভিযোজন, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা ও অন্তর্ভুক্তিমূলক ডিজিটালাইজেশনের মতো ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি দেখেছি।„ একই সঙ্গে প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন উভয় ক্ষেত্রেই বাংলাদেশ অন্যতম ঝুঁকিপূর্ণ দেশ এবং এখনো দেশটিতে অনেক উন্নয়ন চ্যালেঞ্জ রয়ে গেছে;বলেন উলরিকা মোদে। সুইডেনের ক্রাউন প্রিন্সেস-এর এই সফর, বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং একটি স্থিতিস্থাপক ও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের দিকে অংশীদারিত্ব জোরদার করার এক অনন্য সুযোগ; তিনি যোগ করেন।

ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়ার সঙ্গে থাকবেন সুইডেনের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা ও বৈদেশিক বাণিজ্য বিষয়ক মন্ত্রী জোহান ফরসেল। বাংলাদেশ সফর কালে ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, উর্ধ্বতন সরকারি কর্মকর্তা, তরুণ শিক্ষার্থী ও উদ্যোক্তা, ব্যবসায়ী নেতা এবং জাতিসংঘ সহযোগী সংস্থার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া বাংলাদেশের গ্রামীণ অঞ্চলে দারিদ্র্য বিমোচনে অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল উন্নয়নের প্রভাব প্রত্যক্ষ করবেন এবং সরকার ও ইউএনডিপি কর্তৃক বাস্তবায়নাধীন ঝুঁকিপূর্ণ এলাকায় জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনে নারী ও তরুণ উদ্যোক্তাদের নেতৃত্বে গৃহীত উদ্যোগগুলো ঘুরে দেখবেন। বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীদের জন্য জাতিসংঘের সহায়তার বিষয়টি তুলে ধরা হবে তার সফরে। ইউএনডিপি বাংলাদেশের আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার উল্লেখ করেন যে ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া, দারিদ্র্য বিমোচন, জলবায়ু কর্ম এবং সমতার জন্য দীর্ঘ সময় ধরে এবং দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। ইউএনডিপিতে ক্রাউন প্রিন্সেসকে বাংলাদেশে স্বাগত জানাতে পেরে এবং স্থানীয়ভাবে পরিচালিত উন্নয়ন মডেল প্রচারে আমাদের প্রচেষ্টা প্রদর্শন করার সুযোগ পেয়ে আমরা সম্মানিত বোধ করছি। যা, সবার জন্য একটি সবুজ, আরো স্থিতিস্থাপক এবং অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের দিকে কার্যকরভাবে অবদান রাখবে;„ বলেন স্টেফান লিলার।(ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## রাজনৈতিক দলগুলোতে নারীর অন্তর্ভুক্তি কার্যকর গণতন্ত্রের গুরুত্বপূর্ণ উপাদান : স্পিকার

রাজনৈতিক দলগুলোতে নারীর অন্তর্ভুক্তি কার্যকর গণতন্ত্রের গুরুত্বপূর্ণ উপাদান বলে উল্লেখ করেছেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। মঙ্গলবার (১২ মার্চ) বিকেলে, যুক্তরাজ্যের হাউজ অফ কমন্সের চার্চিল হলে বাংলাদেশ হাই কমিশন কর্তৃক আয়োজিত এক আলোচনায় অংশ নেন ড. শিরীন শারমিন। এ সময় তিনি একথা বলেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী উল্লেখ করেন যে বাংলাদেশের মোট জনসংখ্যার অর্ধেকের বেশি নারী এবং নারী ভোটারের সংখ্যা পুরুষের চেয়ে বেশি। ”রাজনৈতিক দলগুলোতে নারীর অন্তর্ভুক্তি দেশকে আরো কার্যকর গণতন্ত্রের দিকে পরিচালিত করতে পারে;„ তিনি যোগ করেন। স্পিকার চৌধুরী বলেন, যোগ্যতাবলেই বিচার বিভাগ, নির্বাহী বিভাগ ও জাতীয় সংসদে নারীদের জায়গা করে নিতে হবে। শিরীন শারমিন চৌধুরী আরো বলেন, ”জাতীয় সংসদে আমার প্রথম নারী স্পিকার হওয়াকে' অনেকে নারীর ক্ষমতায়নের এক বিশাল উদাহরণ হিসেবে ধরে নেন। এটা একটি প্রতীক, যা দিয়ে বোঝা যায়, নারী যদি যথেষ্ট যোগ্যতা অর্জন করতে পারে, তাহলে সে সাফল্যের শিখরেও পৌঁছাতে পারে;„ বলেন তিনি। নারীর রাজনৈতিক ক্ষমতায়নের জন্য রাষ্ট্রকে অবশ্যই লিঙ্গ সংবেদনশীল বিভিন্ন আইন ও নীতি গ্রহণ করতে হবে বলে আলোচনায় মত দেন স্পিকার ড. চৌধুরী। বলেন, ”লৈঙ্গিক ভারসাম্য বজায় রাখতে পারলে, নারীর ক্ষমতায়ন দ্রুততর হবে এবং জেন্ডার রেস্পন্সিভ বাজেটিং এক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে পারে। বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার বলেন, নারীর রাজনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করতে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় সংসদে ১৫টি সংরক্ষিত মহিলা আসনের বিধান রেখেছিলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংরক্ষিত মহিলা আসনের সংখ্যা ৫০টিতে উন্নীত করেছেন। সরাসরি নির্বাচনে জাতীয় সংসদে অধিক সংখ্যক মহিলা সংসদ সদস্য অন্তর্ভুক্ত করার কার্যক্রম চলছে বলে জানান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। অনুষ্ঠানে যুক্তরাজ্যের হাউজ অফ কমন্সের সদস্য, কূটনীতিক, কমনওয়েলথভুক্ত দেশগুলোর প্রতিনিধি এবং যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাঈদা মুনা তাসনিম উপস্থিত ছিলেন।(ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## হোটেল-রেস্তোরাঁয় অভিযানকালে শ্রমিকদের গ্রেপ্তারের বিষয়ে হাইকোর্টের রুল

বাংলাদেশের রাজধানী ঢাকার বেইলি রোডের আগুনের ঘটনার পর, বিভিন্ন হোটেল-রেস্তোরাঁয় অভিযান চালিয়ে মোট কতজন শ্রমিককে গ্রেপ্তার করা হয়েছে, পুলিশ মহাপরিদর্শকের (আইজিপি) কাছে এর তালিকা চেয়েছে হাইকোর্ট। আগামী ৩০ দিনের মধ্যে এই তালিকা দাখিলের নির্দশ দেয়া হয়েছে। বুধবার (১৩ মার্চ) এক রিটের প্রাথমিক শুনানির

পর বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহ,র সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেয়। একই সঙ্গে কেন শ্রমিকদের গ্রেপ্তার করা বেআইনি হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। স্বরাষ্ট্র সচিব, শ্রম ও কর্ম সংস্থান সচিব, আইন সচিব ও আইজিপিকে ৪ সপ্তাহের মধ্যে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার মাসুদ আর. সোবহান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তুষার কান্তি রায়। এর আগে, সোমবার (১১ মার্চ) ব্যারিস্টার মাসুদ আর সোবহান ও ব্যারিস্টার ফাতেমা এস চৌধুরী বাদী হয়ে এই রিট আবেদন করেন। রিটের বিষয়ে, ব্যারিস্টার ফাতেমা এস চৌধুরী জানান, বেইলি রোডে অগ্নিকাণ্ডের পর বিভিন্ন হোটেল-রেস্তোরাঁয় অভিযান পরিচালনা করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। গণমাধ্যমের তথ্যানুযায়ী, অভিযানের সময় অন্তত ৮শ শ্রমিককে গ্রেপ্তার করেছে। এসব শ্রমিক কোনো ভবনের বা রেস্তরাঁর মালিক নন; তারা কর্মচারী। মাসে ১০ থেকে ১৫ হাজার টাকা বেতনে কাজ করেন; আর তারা নির্দোষ ব্যক্তি। তিনি আরো বলেন, ”তাদেরকে বেআইনিভাবে ধরে নিয়ে কারাগারে কয়েদিদের সঙ্গে রাখা হয়েছে। এজন্য তাদের গ্রেপ্তারের বৈধতা চ্যালেঞ্জ করে রিট করা হয়েছে। হাইকোর্ট প্রাথমিক শুনানি নিয়ে রুল দিয়েছেন। একই সঙ্গে ৩০ দিনের মধ্যে আইজিপিকে গ্রেপ্তার শ্রমিকদের তালিকা দাখিল করতে বলা হয়েছে।„ গত ২৯ ফেব্রুয়ারি রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জনের প্রাণহানি ঘটে। এরপর থেকে রাজধানীর বিভিন্ন রেস্তোরাঁয় অভিযান চালিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এসব অভিযানে ৮৭২ জনকে গ্রেপ্তার এবং ২০টি মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে, ৮৮৭টি ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। অভিযান চালাচ্ছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষও (রাজউক)। কয়েকটি রেস্টুরেন্ট সিলগালা করেছে তারা। অভিযানে আবাসিক ভবনে নিয়মের বাইরে গিয়ে বানানো রোস্তোরাঁগুলো বন্ধ করে দেয়া হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। কোথাও কোথাও গ্রেপ্তার ও জরিমানা করা হচ্ছে। রাস্তার পাশে ছোট খাবারের দোকান থেকেও অনেককে আটক করেছে পুলিশ। ঢাকার বিভিন্ন রেস্তোরাঁয় সরকারি সংস্থাগুলোর চালানো এসব অভিযানের সমালোচনা করেছে রেস্তোরাঁ মালিক সমিতি। এই পদক্ষেপ `হয়রানিমূলক, বলে দাবি করছে তারা। এর আগে, রেস্তোরাঁ মালিক সমিতির করা এক রিটের প্রেক্ষিতে মঙ্গলবার (১২ মার্চ) হাইকোর্টের একই বেঞ্চ রুল জারি করেছেন। রুলে রাজধানীর হোটেল ও রেস্তোরাঁগুলোতে অভিযানের নামে হয়রানি করা কেন অবৈধ নয় তা জানতে চেয়েছে হাইকোর্ট। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## চ্যালেঞ্জ সত্ত্বেও শ্রম-বান্ধব পরিবেশ তৈরিতে দৃঢ়প্রতিজ্ঞ বাংলাদেশ : আইনমন্ত্রী আনিসুল হক

বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, বৈশ্বিক মন্দা ও নানামুখী চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও সরকার শ্রম-বান্ধব পরিবেশ তৈরিতে বাংলাদেশ দৃঢ়প্রতিজ্ঞ। শ্রমজীবী মানুষের কল্যাণে প্রয়োজনীয় শ্রম সম্পর্ক তৈরির জন্য সকল পদক্ষেপ নেয়া হচ্ছে বলেও জানান তিনি। মঙ্গলবার (১২ই মার্চ) সুইজারল্যান্ডের জেনেভায়, আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) ৩৫০তম গভর্নিং বডির অধিবেশনে এ কথা বলেন আনিসুল হক। শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার উন্নয়নে, বাংলাদেশ সরকারের গৃহীত রোড ম্যাপ (২০২১-২৬) এর আলোকে চার ক্ষেত্রে পদক্ষেপ নেয়া হয়েছে বলে জানান আইনমন্ত্রী। এগুলো হলো; আইনগত সংস্কার, ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শ্রম সংক্রান্ত পরিদর্শন এবং শ্রমিকদের অন্যান্য অধিকার। আইএলও অধিবেশনে এসব বিষয়ে বাংলাদেশের অগ্রগতি তুলে ধরেন আনিসুল হক। প্রস্তাবিত বাংলাদেশ শ্রম আইন সংশোধন বিলে, ট্রেড ইউনিয়ন নিবন্ধনের জন্য শিল্পখাতে প্রয়োজনীয় শ্রমিক সংখ্যা ২০ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ করা হয়েছে; আর, অন্যান্য ক্ষেত্রে ৩০ শতাংশ থেকে কমিয়ে আনা, ইউনিয়নের প্রতি অন্যায্য আচরণের শাস্তি দ্বিগুণ করা, বেআইনিভাবে কারখানা বন্ধ করার শাস্তি তিনগুণ করা, শিশু শ্রমের শাস্তি চারগুণ করার বিধান রাখা হয়েছে বলে অধিবেশনে জানান আইনমন্ত্রী আসিনুল হক। প্রস্তাবিত সংশোধনীতে বেসামরিক বিমান পরিবহন খাতে এবং নৌ পরিবহন খাতে ট্রেড ইউনিয়ন গঠন ও পরিচালনা সহজিকরণ, শ্রম আপিল ট্রাইব্যুনালের রায়ে আপিল আবেদন সহজিকরণ সংক্রান্ত বিধান সংযুক্ত করা হয়েছে বলে জানান তিনি। বাংলাদেশের আইনমন্ত্রী বলেন, প্রস্তাবিত এ সংশোধনীতে আন্তর্জাতিক শ্রম সংস্থার বিভিন্ন কনভেনশনের অধিকতর প্রতিফলন ঘটানো হয়েছে। যথাযথ ত্রিপক্ষীয় আলোচনা শেষে, দ্রুততার সঙ্গে, সম্ভব হলে জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে, শ্রম আইনের এই সংশোধন বিল আকারে উপস্থাপিত হতে পারে বলে জানান আনিসুল হক। তিনি আরো বলেন, কারখানা পরিদর্শক পদ আড়াই গুণ বৃদ্ধি করা হয়েছে এবং ডিজিটাল প্রযুক্তির সহায়তায় পরিদর্শন মডিউল চালু করা হয়েছে। এর ফলে, ২০২৩ সালের শেষ ছয় মাসে বিশ হাজারের বেশি পরিদর্শন অনুষ্ঠিত হয়েছে; অধিবেশনে জানান আনিসুল হক। ইপিজেড গুলোতে নিজস্ব উন্নত পরিদর্শন ব্যবস্থা থাকা সত্ত্বেও, মানোন্নয়নের লক্ষ্যে শ্রম মন্ত্রণালয়ের অধীন কারখানা পরিদর্শন অধিদপ্তর ও পরিদর্শন শুরু করেছে বলে জানান তিনি। বলেন, ”ছয়টি নতুন শ্রম আদালত প্রতিষ্ঠার পর, এখন মোট ১৩টি শ্রম আদালত কাজ করে যাচ্ছে। এর পাশাপাশি উচ্চক্ষমতাসম্পন্ন বিকল্প বিরোধ নিষ্পত্তি সেল চালু করা হয়েছে; যা নিবন্ধিত ৯০ শতাংশের বেশি সালিশ আবেদনের নিষ্পত্তি করেছে।„ ট্রেড ইউনিয়নের অধিকার নিশ্চিত করতে এবং ট্রেড ইউনিয়ন কর্মীদের প্রতি বৈষম্য বন্ধের লক্ষ্যে, সরকার গত তিন বছরে

প্রায় ছত্রিশ হাজার শ্রমিক, ব্যবস্থাপক, মালিক, সংশ্লিষ্ট সরকারি কর্মচারী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যকে প্রশিক্ষণ প্রদান করেছে বলে জানান বাংলাদেশের আইনমন্ত্রী। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

### বাংলাদেশের মানুষের পাশে থাকবে ভারত, সেমিনারে হাইকমিশনার প্রণয় ভার্মা

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা বলেছেন যে ভারত সবসময় বাংলাদেশর মানুষের পাশে থাকবে। মঙ্গলবার (১২ মার্চ) ঢাকা স্টেডিয়ামে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের সমর্থনকে স্মরণ করতে আয়োজিত এক সেমিনারের এ কথা বলেন তিনি। স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশের বিজয়ের পর, ১৯৭২ সালের ১২ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ভারতীয় মিত্রবাহিনীর দেয়া আনুষ্ঠানিক বিদায় অনুষ্ঠানের ৫২তম বার্ষিকী উপলক্ষ্যে এ সেমিনারের আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন হাইকমিশনার প্রণয় ভার্মা। তিনি বলেন, দিনটি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ভারতের অকুণ্ঠ সমর্থন দেয়ার অন্যতম ঐতিহাসিক মুহূর্ত। এই স্মরণীয় অনুষ্ঠান আয়োজনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়কে ধন্যবাদ জানান তিনি। "আমাদের উভয় দেশের তরুণ প্রজন্ম যেন আমাদের অভিন্ন ইতিহাসকে আত্মস্থ করতে পারে এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে আমাদের যৌথ ত্যাগের স্মৃতি ও উত্তরাধিকার সংরক্ষণ করতে পারে; তা নিশ্চিত করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ;„ বলেন প্রণয় ভার্মা। তিনি আরো বলেন, ভারত ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের জনগণের পাশে ছিল এবং একটি স্থিতিশীল, সমৃদ্ধ ও প্রগতিশীল জাতি গঠনে তাদের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নে তাদের পাশে সবসময় থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সেমিনারে সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### সাংবিধানিক সংকট না থাকায় সংলাপের প্রয়োজন নেই কাদের

জাতির সামনে এখনও এমন কোন সংকট নেই, যে কারণে রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপের প্রয়োজনীয়তা রয়েছে, এমনই মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশে গণতন্ত্র পুনরূদ্ধার না হওয়া পরযন্ত শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবে তার দল। জাতির সামনে এখনও এমন কোন সংকট নেই, যে-কোনো  কারণে রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপে করতে হবে, এমনটা মনে করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। বুধবার সকালে গণমাধ্যমকে পাঠানো এক বিবৃতিতে এমনটাই জানিয়েছেন তিনি। এই দাবি বিএনপি নেতাদের অযৌক্তিক ও অবিবেচনাপ্রসূত বলে মন্তব্য করেছেন ওবায়দুল কাদের।

বিবৃতিতে আরও বলা হয়, জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশের জনগণের ভোটে নির্বাচিত হয়ে বর্তমান সরকার জন-আকাঙ্ক্ষাকে ধারণ করে রাষ্ট্র পরিচালনা করছে। দেশে কোনো গণতান্ত্রিক ও সাংবিধানিক সংকট নেই। আগামি পাঁচ বছর পর জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে বলেও জানানো হয় ঐ বিবৃতিতে। এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশে গনতন্ত্র পুনরূদ্ধার না হওয়া পর্যন্ত শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবে বিএনপি ।

অন্যদিকে রাজধানীর শাহজাহানপুরে সদ্য কারামুক্ত ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য সচিব রফিকুল আলম মজনুর বাসায় যান, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান। এসময় সাংবাদিকদের তিনি বলেন, মানুষের জন্য কাজ করে যাচ্ছেন তারা, (স্বকণ্ঠে) : সরকার ক্ষমতায় আছে এটা তো আমরা দেখতেই পাচ্ছি। গায়ের জোরে তো ক্ষমতায় থাকাই যায়। গায়ের জোরে ক্ষমতায় থাকা যাবে না কেন, তারা কি জনগণের ভালোবাসায় ক্ষমতায় আছে, তারা কি জনগণের ভোট নিয়ে ক্ষমতায় আছে?

(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৩.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক আলোচনা সভায় হামলার অভিযোগ উঠেছে ছাত্রলীগের বিরুদ্ধে

বাংলাদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রমজানের গুরুত্ব, তাৎপর্য ও মাসলা-মাসায়েল শীর্ষক এক আলোচনা সভায় হামলার অভিযোগ উঠেছে ছাত্রলীগের বিরুদ্ধে। এতে ৭ শিক্ষার্থী আহত হয়েছেন। তারা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। একটি সূত্র বলছে, বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু টাওয়ারের মসজিদে আলোচনা সভার আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের কিছু শিক্ষার্থী। বিভাগের বিভিন্ন বর্ষের ১৫-২০ জন শিক্ষার্থী জোহরের নামাজ পড়তে ওই মসজিদে যান। তারা নামাজ শেষে রমজানের গুরুত্ব, তাৎপর্য ও মাসলা-মাসায়েল সম্পর্কে আলোচনা করতে চাইলে বাধা দেন বঙ্গবন্ধু টাওয়ার কর্মচারী সমিতির সভাপতি। এরপর সংঘর্ষ দেখা দেয় এবং হতাহতের ঘটনা ঘটে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৩.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## যে-কোনো মূল্যে নাবিকদের সুস্থভাবে ফেরাতে বদ্ধপরিকর বাংলাদেশ সরকার

জলদস্যুদের কবলে আটকে যাওয়া বাংলাদেশী জাহাজ উদ্ধারে সব রকমের তৎপরতা চালিয়ে যাচ্ছে কর্তৃপক্ষ। যেকোনো মূল্যে জাহাজের নাবিকদের সুস্থভাবে ফেরাতে বদ্ধপরিকার সরকার।

জলদস্যুদের কবল থেকে বাংলাদেশি জাহাজের নাবিকদের যেকোনো মূল্যে নিরাপদে ফিরিয়ে আনতে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এদিকে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, জাহাজটির সঙ্গে সরাসরি যোগাযোগ করা না গেলেও তৃতীয়পক্ষের মধ্যস্থতায় যোগাযোগের চেষ্টা অব্যাহত রয়েছে। বাংলাদেশি নাবিকদের সুস্থভাবে নিরাপত্তা নিয়ে ফেরানোর চেষ্টা করছে সরকার। মঙ্গলবার সোমালিয়া উপকূলে থেকে ৬শ, নটিক্যাল মাইল দূরে সাগরের মাঝে বাংলাদেশি জাহাজ দখলে নেয় সোমালিয় জলদস্যুরা। এমভি আব্দুল্লাহ নামের ঐ জাহাজের ২৩ নাবিকে জিম্মি করে, পরে জলদস্যুরা জাহাজটি সোমালিয়া উপকূলের দিকে নিয়ে যায়। জানা গেছে, সমুদ্রগামী এ জাহাজটি কয়লা নিয়ে মোজাম্বিক থেকে দুবাই যাচ্ছিল। পথিমধ্যে গালফ অব ইডেনে জাহাজটিতে হামলা চালিয়ে নিয়ন্ত্রণ নেয় দস্যুরা। তাদের অনেকের হাতেই অস্ত্র রয়েছে। নাবিকরা কয়েকটি ভিডিও ফুটেজ ও বার্তা পাঠালে, তাদের মুঠোফোন জব্দ করে নেয়া হয়। জিম্মি নাবিকদের ছাড়তে মুক্তিপণ চেয়েছে সোমালিয় জলদস্যুরা।বু ধবার ঢাকায় এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বিভিন্ন গোয়েন্দা সংস্থার মাধ্যমে জাহাজটির সাথে যোগাযোগের চেষ্টা করা হচ্ছে। বাংলাদেশি নাবিকদের উদ্ধারের বিষয়টি অগ্রাধিকারভাবে দেখছে সরকার, (স্বকণ্ঠে) : সেকেন্ড পার্টির মাধ্যমে আমরা চেষ্টা করছি এবং সমস্ত জায়গায় যেখানে যেখানে জানানো প্রয়োজন সেখানে জানিয়েছি। এটুকু আপডেট এখন পর্যন্ত আমার কাছে আছে। গোয়েন্দা সংস্থাগুলো কাজ করছে। মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে অত্যন্ত কনসার্ন।

এদিকে, বুধবার দুপুরে সচিবালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, জলদস্যুদের হাতে জিম্মি নাবিকদের উদ্ধারে সরকার সবরকম তৎপরতা চালাচ্ছে। আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থার সদস্য ভারতসহ অন্য দেশের সহযোগিতা নেয়ার জন্য কথা হয়েছে বলে জানান নৌপরিবহন প্রতিমন্ত্রী, (স্বকণ্ঠে) : আমরা সমন্বিতভাবেই কাজ করছি। ডিপার্টমেন্ট অফ শিপিং, মেরিটাইম যতগুলো উইং আছে তারা কাজ করছে। আমরা সমন্বিতভাবেই নিয়ে আসতে পারব হয়ত। এদিকে, উদ্বিগ্ন অবস্থায় জিম্মি নাবিকদের পরিবারের স্বজনরা রয়েছেন। জাহাজের সেকেন্ড ইন কমান্ড খুলনার বাসিন্দা ইঞ্জিনিয়ার তৌফিকুল ইসলামের মা বলছেন, যে-কোনোভাবে দ্রুত তার সন্তানসহ জিম্মি সকল নাবিকদের উদ্ধার করা হোক, (স্বকণ্ঠে) : বলল যে আম্মা, এই আম্মা বলল তখনি আমার মনে হয় মোবাইলটা কেটে দিছে। তারপরে আর কথা হয়নি। জাহাজে যারা আছে ২৩ জন তাদের যেন দ্রুত বের করে আনতে পারে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ.১৩.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## চীন, রাশিয়া ও ইরানের ওমান উপসাগরে যৌথ নৌমহড়া

ওমান উপসাগরে যৌথ নৌমহড়া শুরু করেছে চীন, রাশিয়া এবং ইরান। চীনের প্রতিরক্ষা মন্ত্রণালয় সোমবার জানিয়েছে যে শুক্রবার পর্যন্ত এই মহড়া চলবে। এতে বলা হয়েছে, চীন নির্দেশিত ক্ষেপণাস্ত্র ধ্বংসকারী ডেস্ট্রয়ারসহ তিনটি জাহাজ পাঠিয়েছে। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার জানিয়েছে যে তিনটি দেশের নৌবাহিনী থেকে ২০টিরও বেশি জাহাজ এই মহড়ায় অংশ নিয়েছে। রাশিয়ার বাহিনী একটি ক্রুজার'এর নেতৃত্বে পরিচালিত হচ্ছে। অন্যদিকে, ইরান একটি ফ্রিগেটসহ ১০টিরও বেশি জাহাজ পাঠিয়েছে। এই মহড়ায় জলদস্যুতা মোকাবিলার পাশাপাশি উদ্ধার অভিযানও অন্তর্ভুক্ত রয়েছে। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে, পাকিস্তান ও দক্ষিণ আফ্রিকাসহ বিভিন্ন দেশ এই মহড়ায় পর্যবেক্ষক হিসেবে অংশগ্রহণ করছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

# ডয়চে ভেলে

## জলদস্যুদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছে বাংলাদেশ

ভারত মহাসাগরে জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশি জাহাজ `এমভি আবদুল্লাহ'কে এখন সোমালিয়া উপকূলের দিকে নেওয়া হচ্ছে। বুধবার সকালে জাহাজটির অবস্থান সোমালিয়া উপকূল থেকে ৫০০ নটিক্যাল মাইল দূরে ছিল। মঙ্গলবার দুপুরে জাহাজটি দস্যুদের কবলে পড়লেও বুধবার বিকেল পর্যন্ত কোনো ধরনের মুক্তিপণ দাবি করেনি জলদস্যুরা। তবে আটকে পড়া ক্রুরা অডিও বার্তায় জানিয়েছে, মুক্তিপণ দিয়েই তাদের মুক্ত করতে হবে। জাহাজ থেকে নাবিক ও ক্রুদের নিরাপদে ফিরিয়ে আনতে সব ধরনের প্রস্তুতি নিয়েছে পররাষ্ট্র ও নৌপরিবহন মন্ত্রণালয়। পাশাপাশি প্রস্তুতি নিচ্ছে জাহাজটির মালিক কর্তৃপক্ষ কবির স্টিল রি-রোলিং মিলস (কেএসআরএম গ্রুপ)। মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে যাওয়ার পথে জাহাজটিতে হামলা চালায় দস্যুরা। এ সময় জাহাজে থাকা বাংলাদেশি ২৩ নাবিক ও ক্রুকে অস্ত্রের মুখে জিম্মি করে ফেলে তারা। ভারী অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে শতাধিক জলদস্যু জাহাজটির নিয়ন্ত্রণ

নেয়। জাহাজে উঠেই তারা সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়। তবে দস্যুদের চোখ ফাঁকি দিয়ে বুধবার সকাল ৭টা পর্যন্ত বার্তা পাঠিয়েছেন জিম্মি নাবিকেরা। ওই বার্তার সূত্র ধরে নাবিক ও ক্রুরা নিরাপদে আছেন বলে নিশ্চিত করেছে কেএসআরএম গ্রুপ। বুধবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে এক সেমিনার শেষে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানান, ``আমরা থার্ড পার্টির মাধ্যমে চেষ্টা করছি এবং যেখানে জানানো প্রয়োজন, আমরা সেখানে জানিয়েছি। তবে জলদস্যুদের সঙ্গে এখনো যোগাযোগ করা যায়নি।'' তিনি বলেন, ``ইতোমধ্যে রিপোর্টিং সেন্টার ইন কুয়ালালামপুর, ইন্ডিয়ান ফিউশন সেন্টার ইন নিউ দিল্লি, তারপর সিঙ্গাপুর, ইউএসএ, ইউকে, চায়নাসহ সকল এরিয়াল নেভাল শিপে আমরা রিপোর্ট করেছি। অন্যান্য সূত্রের মাধ্যমেও আমরা যোগাযোগ করার চেষ্টা করছি। গোয়েন্দা সংস্থাগুলোও কাজ করছে। প্রধানমন্ত্রী এ বিষয়ে অত্যন্ত কনসার্ন। বিষয়টি মন্ত্রিসভায়ও অনানুষ্ঠানিকভাবে আলোচনা হয়েছে।,,

কেএসআরএম গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম বুধবার বিকেলে ডয়চে ভেলেকে বলেন, ``আজ সকালেও নাবিকেরা আমাদের বার্তা পাঠিয়েছেন যে, তারা ভালো আছেন। আমরা দেখেছি, জাহাজটি সোমালিয়া উপকূলের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। সকাল পর্যন্ত ৫০০ নটিক্যাল মাইল দূরে অবস্থান করছিল। এখন পর্যন্ত হয়ত, আরও এগিয়েছে তারা।,, কোনো ধরনের মুক্তিপণ কি তারা দাবি করেছে? জানতে চাইলে জনাব ইসলাম বলেন, ``জলদস্যুদের একটা কৌশল হলো, তারা নিরাপদে না যাওয়া পর্যন্ত কোনো যোগাযোগ করে না। এখনও যেহেতু তারা তাদের আস্তানায় পৌঁছতে পারেনি, ফলে কোনো যোগাযোগও করেনি। আমরা সরকারের ঊর্ধ্বতন মহলের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করছি। নাবিক ও ক্রুদের নিরাপদে দেশে ফিরিয়ে আনতে আমাদের যা করণীয় আমরা সেটা করব।'' বুধবার দুপুরে নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে এক যৌথ সভায় সোমালি জলদস্যুদের হাতে জিম্মি জাহাজের ২৩ নাবিকের সর্বশেষ পরিস্থিতি তুলে ধরেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন, ``প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন সুস্থভাবে তাদের ফিরিয়ে আনার সব ব্যবস্থা করার জন্য। আমরা কাজ করছি। তবে নির্দিষ্ট করে সময় বলা যাচ্ছেনা। পররাষ্ট্র মন্ত্রণালয়, নৌবাহিনী এবং সংশ্লিষ্ট আন্তর্জাতিক সব পর্যায়ের সঙ্গে যোগাযোগ করে তৎপরতা চালানো হচ্ছে। আমাদের প্রথম গুরুত্ব হলো যারা নাবিক আছেন, এবং সঙ্গে অন্য কেউ থাকলে তাদের জীবন নিরাপদ রাখা। নাবিকদের রক্ষা করা, উদ্ধার করা।,, নাবিকদের মুক্ত করে দেশে ফিরিয়ে আনতে কতদিন লাগতে পারে? এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, ``যে-কোনো মূল্যে নাবিকদের নিরাপদে ফিরিয়ে আনতে আমরা বদ্ধপরিকর। জলদস্যুদের সঙ্গে থেকে কখন তারা মুক্তি পাবে সেটা বলা মুশকিল। আমরা কাজ করছি। তবে নির্দিষ্ট করে সময় বলা যাচ্ছেনা।,,

জলদস্যুদের হাতে জিম্মি হওয়া নাবিকদের মধ্যে সাতজন বাংলাদেশ মেরিন একাডেমির ক্যাডেট। তারা হলেন, মাস্টার মোহাম্মদ আবদুর রশিদ (৫৮), চিফ অফিসার মো. আতিকুল্লাহ খান (৩৯), সেকেন্ড অফিসার মোজাহেরুল ইসলাম চৌধুরী (৩৬), থার্ড অফিসার মো. তরিকুল ইসলাম (২৯), ডেক ক্যাডেট মো. সাব্বির হোসাইন (৩৪), চিফ ইঞ্জিনিয়ার এ এস এম সাইদুজ্জামান (৪৫) ও ইঞ্জিন ক্যাডেট আইয়ুব খান (২৩)। এছাড়া জাহাজে অন্য জিম্মিরা হলেন সেকেন্ড ইঞ্জিনিয়ার মো. তৌফিকুল ইসলাম (৩৮), থার্ড ইঞ্জিনিয়ার রোকন উদ্দিন (৩৩), চতুর্থ ইঞ্জিনিয়ার তানভীর আহমেদ (৩০), ইলেকট্রিশিয়ান ইব্রাহিম খলিল উল্লাহ (৩৫), নাবিক মোহাম্মদ আনোয়ারুল হক (২৯), নাবিক আসিফুর রহমান (২৫), নাবিক মো. সাজ্জাদ হোসাইন (২৯), নাবিক মাহামুদ জয় (২৪), নাবিক মো. নাজমুল হক (২৩), অয়েলার আইনুল হক (৩০), অয়েলার মোহাম্মদ শামসুদ্দিন (৩১), অয়েলার মো. আলী হোসাইন (২৬), ফায়ারম্যান মোশাররফ হোসাইন শাকিল (৩৪), চিফ কুক মো. শফিকুল ইসলাম (৩৪), জেনারেল স্টুয়ার্ড মোহাম্মদ নুর উদ্দিন (২৮) ও ফিল্টার মোহাম্মদ ছালে আহমেদ (৪৭)।

চরম উৎকণ্ঠায় আছেন ২৩ নাবিকের পরিবার। ছেলের সঙ্গে সর্বশেষ কখন যোগাযোগ হয়েছে জানতে চাইলে চতুর্থ ইঞ্জিনিয়ার তানভীর আহমেদের মা জোৎস্না বেগম ডয়চে ভেলেকে বলেন, ``প্রথমে রাত সাড়ে ৮টার দিকে ফোন করে জানায়, তাদের জাহাজ সোমালিয়ার জলদস্যুরা জিম্মি করেছে। তাদের জাহাজের ব্রিজের ওখানে রেখেছে। এরপর রাত ১১টার দিকে ম্যাসেজ দিয়েছে। সেখানে বলেছে, তাদের জাহাজটি সোমালিয়ার দিকে নিয়ে যাচ্ছে। জাহাজে পানি কম আছে। আবার দস্যুরা উঠেছে ৫০-৬০ জনের মতো। ফলে পানির সংকট হতে পারে। প্রথমে জানিয়েছিল, তারা রোজা আছে, কিন্তু কিছু খায়নি। পরে জানিয়েছে, দস্যুরা বিরানি রান্না করে তাদের দিয়েছে। এখন আর আমরা কোনো ধরনের যোগাযোগ করতে পারছি না। আজ ওদের অফিসে গিয়েছিলাম। তারা বলেছে, যে-কোনো মূল্যে আমার সন্তানসহ জিম্মি সবাইকে ফিরিয়ে আনবে। ফোন করে কেউ কান্নাকাটি করলে আমরা যেন ভয় না পাই সেটাও তারা আমাদের বলেছে। আমি চাই, যে-কোনো মূল্যে আমার ছেলে যেন সুস্থভাবে ফিরে আসে।'' জাহাজে থাকা এক নাবিক প্রথমে হোয়াটসঅ্যাপে বার্তা পাঠায়। সেখানে তিনি উল্লেখ করেন, জাহাজটিকে আক্রমণ করে শতাধিক জলদস্যু। তারা প্রত্যেকে ভারী অস্ত্রে সজ্জিত ছিল। প্রথমে একটি স্পিডবোট দৃশ্যমান হলেও পরে বিভিন্ন দিক থেকে এসে হামলা চালায় একাধিক স্পিডবোট। আক্রমণের ১৫ মিনিট আগে বিষয়টি টের পান নাবিকরা। সঙ্গে সঙ্গে তারা বিষয়টি মালিকপক্ষকে জানান। পরে ১৫ মিনিটের মধ্যে জলদস্যুরা জাহাজটির নিয়ন্ত্রণ নিয়ে নেয়। ভারী অস্ত্র তাক করে মই বেয়ে জাহাজে উঠে

যায় তারা। এরপর চিফ মাস্টার ও ইঞ্জিনিয়ারসহ সব নাবিক ও ক্রুকে একে একে জিম্মি করে। এরপর জাহাজটি সোমালি উপকূলের দিকে নিয়ে যেতে থাকে তারা। জাহাজে উঠেই সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।

এর আগে ২০১০ সালের ৫ ডিসেম্বর আরব সাগরে সোমালীয় জলদস্যুদের কবলে পড়েছিল কেএসআরএম গ্রুপের আরেক জাহাজ `এমভি জাহান মণি'। ওই জাহাজের ২৫ বাংলাদেশি নাবিকের পাশাপাশি এক ক্যাপ্টেনের স্ত্রীসহ ২৬ জনকে ১০০ দিন জিম্মি করে রেখেছিল জলদস্যুরা। সরকারি উদ্যোগসহ নানা প্রক্রিয়ায় ২০১১ সালের ১৪ মার্চ এসব জিম্মিকে মুক্তি দেওয়া হয়। ১৫ মার্চ অক্ষত অবস্থায় তারা বাংলাদেশে ফিরে আসেন। তবে বড় অঙ্কের মুক্তিপণ দিয়েই তাদের ছাড়িয়ে আনতে হয়েছিল মালিকপক্ষকে। গত ৫ জানুয়ারি ভারতের একটি বাণিজ্যিক জাহাজ অস্ত্রের মুখে জিম্মি করে মুক্তিপণ দাবি করে দস্যুরা। নাবিকসহ ওই জাহাজে ১৫ ভারতীয় নাবিক ও ক্রু ছিলেন। তাদের উদ্ধার করতে যায় ভারতীয় নৌবাহিনীর যুদ্ধজাহাজ আইএনএস চেন্নাই। অভিযানে অংশ নেয় ভারতের সবচেয়ে চৌকস নৌ কমান্ডো বাহিনী মার্কোস। আকাশপথে নজরদারি চালায় নৌসেনার বিমানও। `এমভি লীলা নরফোক' নামে ভারতের ওই বাণিজ্যিক জাহাজটি লাইবেরিয়া থেকে যাওয়ার পথে জলদস্যুদের কবলে পড়ে। মূলত আন্তর্জাতিক সমুদ্র বাণিজ্যে নিয়োজিত জাহাজকে টার্গেট করে জলদুস্যরা। মাঝে কিছু বছর তাদের উপদ্রব কমলেও গত কয়েক মাসে ফের তৎপর হয়ে উঠেছে জলদস্যুরা। (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৩.০৩.২০২৪ রিহাব)

## রোহিঙ্গাদের জন্য সহায়তা কমায় রেকর্ড

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের জন্য ২০২৩ সালে যে সহায়তা চাওয়া হয়েছিল তার মাত্র ৫০ শতাংশ পাওয়া গেছে। এই অবস্থায় বুধবার ২০২৪ সালের জন্য ৮৫২.৪ মিলিয়ন ডলার চেয়েছে জাতিসংঘ। বিশ্লেষকদের আশঙ্কা, বিশ্ব পরিস্থিতি বিশেষ করে ইউক্রেন যুদ্ধ ও গাজা পরিস্থিতির কারণে সামনে সহায়তা আরো কমতে পারে। কারণ এখন মানবিক সহায়তা ভাগ হয়ে যাচ্ছে। এতে বাংলাদেশের ওপর আর্থিক চাপ তৈরি হতে পারে। অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য সংকটও তৈরি হতে পারে। ২০২৩ সালে জাতিসংঘ ও দাতারা রোহিঙ্গাদের জন্য ৮৭৬ মিলিয়ন ডলার চেয়েছিল। কিন্তু পাওয়া গেছে মাত্র ৪৪০ মিলিয়ন ডলার। ২০১৭ সাল থেকে কোনো বছরই প্রত্যাশিত সহায়তা পাওয়া যায়নি। তবে গত বছর রীতিমতো ধস নেমেছে। ২০১৭ সালে প্রত্যাশিত সহায়তার ৭৩ ভাগ, ২০১৮ সালে ৭২, ২০১৯ সালে ৭৫, ২০২০ সালে ৫৯, ২০২১ সালে ৭৩ এবং ২০২২ সালে ৬৯ ভাগ সহায়তা পাওয়া গেছে। আর ২০২৩ সালে তা অর্ধেকে নেমে এসেছে। অর্থাৎ ২০২৩ সালে সহায়তা কমায় রেকর্ড হয়েছে। এদিকে ২০২৪ সালের জন্য ৮৫২.৪ মিলিয়ন ডলার চেয়েছে জাতিসংঘ। বুধবার সুইজারল্যান্ডের জেনেভায় এই সহায়তা চাওয়া হয়। আর্থিক সংকটের কারণে গত বছর থেকেই রোহিঙ্গাদের জন্য দৈনিক রেশন ৩৩ শতাংশ কমানো হয়। একজন রোহিঙ্গার জন্য এখন প্রতিমাসে আট মার্কিন ডলারের খাদ্য সহায়তা দেয়া হয়। গত বছরের শুরুতে মাথাপিছু মাসে ১২ মর্কিন ডলারের খাদ্য সহায়তা দেয়া হতো। সেটা মার্চে করা হয় ১০ মার্কিন ডলার। জুনে করা হয় আট মার্কিন ডলার। জাতিসংঘ বলছে, রেশনের কাটছাঁট প্রায় ১০ লাখ রোহিঙ্গার জীবনে প্রভাব ফেলবে। গত বছর জুনে বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস বলেছিলেন, ``আমরা অত্যন্ত উদ্বিগ্ন যে বিশ্ব খাদ্য সংস্থা বাংলাদেশে রোহিঙ্গাদের খাদ্য সাহায্য কমাতে বাধ্য হচ্ছে। এতে তাদের স্বাস্থ্য ও পুষ্টির ফলাফল হবে ভয়াবহ। নারী, শিশু ও সবচেয়ে নাজুক মানুষেরা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হবে।,, বাংলাদেশের নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব.) আ ন ম মুনীরুজ্জামান মনে করেন, ``এই পরিস্থিতিতে বাংলাদেশ অর্থনৈতিক চাপের মুখে পড়তে পারে। শুধু রোহিঙ্গা নয়, মিয়ানমারে এখন যে পরিস্থিতি চলছে তাতে অন্য জাতিগোষ্ঠীর লোকও বাংলাদেশে আশ্রয় নিতে পারে। তখন সব দিক দিয়েই বাংলাদেশের জন্য সংকটের কারণ হবে।'' তার কথা, ``প্রথমে ইউক্রেন যুদ্ধ, এরপর গাজা পরিস্থিতির কারণে রোহিঙ্গাদের ওপর থেকে ফোকাস সরে গেছে। ইউক্রেন যুদ্ধের কারণে এখন ইউরোপে অনেক নতুন শরণার্থী। এরপর গাজায় যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেই কারণে রোহিঙ্গাদের প্রতি মনোযোগ আরো কমেছে। মধ্যপ্রাচ্যেও সংকট বেড়ে গেছে।'' তিনি বলেন, ``বিশ্বব্যাপী একটা হিউম্যানিটিরিয়ান ফেটিগ তৈরি হয়েছে। ফলে আমাদের এখান থেকে দৃষ্টি সরে যাচ্ছে। সম্পদ ভাগ হয়ে যাচ্ছে। আমাদের ব্যর্থতা হলো আমরা কূটনৈতিকভাবে বিষয়টি সবসময় আলোচনার কেন্দ্রে রাখতে পারিনি। আমাদের উচিত হবে বিশ্বের বিভিন্ন ফোরামে অব্যাহতভাবে বিষয়টি তুলে ধরা।,,

মিয়ানমারে বাংলাদেশের সাবেক সামরিক অ্যাটাশে মেজর জেনারেল (অব.) মো. শহীদুল হক বলেন, ``সহায়তা কমে যাওয়া অব্যাহত থাকলে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গারা খাদ্য সংকটে পড়বেন। তারা প্রয়োজনীয় খাদ্য না পেলে অপুষ্টির শিকার হয়ে নানা রোগে আক্রান্ত হবেন। বিশেষ করে বৃদ্ধ, গর্ভবতী রোহিঙ্গা নারী ও শিশুরা ক্ষতির মুখে পড়বেন বেশি। এছাড়া তাদের স্বাস্থ্যসেবাসহ আরো অনেক বিষয়ে কাটছাঁট হবে।'' তিনি মনে করেন, ``এরফলে বাংলাদেশের অভ্যন্তরীণ নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কা আছে। বিশেষ করে কক্সবাজার অঞ্চলে এই রোহিঙ্গারা নানা অপরাধে জড়িয়ে পড়তে পারে। তাদের খাদ্য না থাকলে তারা ক্যাম্পে এবং ক্যাম্পের বাইরে নানা অপরাধে জড়িয়ে পড়তে পারেন।,, সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলেন, ``২০১৭ সাল থেকে কখনোই কাঙ্খিত সহায়তা পাওয়া যায়নি। আর নতুন নতুন ঘটনা পুরনো ঘটনার গুরুত্ব কমিয়ে দেয়। এখন ইউরোপেই ইউক্রেন

যুদ্ধের কারণে সাত মিলিয়ন শরণার্থী। স্বাভাবিক কারণে ইউরোপ ও অ্যামেরিকার নজর সেদিকেই বেশি থাকবে। তাই হয়েছে। তারপর গাজা আরেকটি নতুন পরিস্থিতির সৃষ্টি করেছে। আমাদের সমস্যা এখন দুই রকম। রোহিঙ্গাদের ফেরত পাঠানো এবং তাদের জন্য আন্তর্জাতিক সহায়তা কমে যাওয়া। আমাদের দুইটি নিয়েই এখন কাজ করা দরকার। কারণ আন্তর্জাতিক নানা সংকটের কারণে রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোর বিষয়টি নিয়েও এখন আর তেমন কথা হচ্ছে না। মিয়ানমারের যা পরিস্থিতি তাতে এখন হয়তো সেখানে আমাদের পক্ষে প্রতিনিধি পাঠানো সম্ভব নয়। তারপরও তৃতীয় দেশের মাধ্যমে চেষ্টা করা উচিত। আর রাখাইন যদি পুরোটা আরাকান আর্মির দখলে চলে যায় তাহলে কী করণীয় তাও ভাবতে হবে। তখন তাদের সঙ্গে আমরা কীভাবে যোগাযোগ করব তা এখনই ভাবা দরকার।,,

(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৩.০৩.২০২৪ রিহাব)

## সোমালি জলদস্যুর দখলে বাংলাদেশের জাহাজ, ২৩ নাবিক বন্দি

মঙ্গলবার দুপুরে সোমালি জলদস্যুরা বাংলাদেশের জাহাজ এম ভি আবদুল্লাহ দখল করে ২৩ জন নাবিককে বন্দি করেছে। জলদস্যুদের হাতে বন্দি জাহাজের চিফ অফিসার আতিক উল্লাহ খান তার স্ত্রীর কাছে অডিও মেসেজ পাঠিয়েছেন। সেখানে তিনি বলেছেন, ``আমাদের মোবাইল ফোন কেড়ে নিচ্ছে। আমার থেকেও নিয়ে নেবে। আমার সঙ্গে হয়তো আর যোগাযোগ হবে না। আপনারা দোয়া করেন শুধু।,, ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে আতিক উল্লাহ খানের মা শাহনূর বেগম জানিয়েছেন, ``আমার ছেলে ২০০৮ সাল থেকে জাহাজে কাজ করছে। আমি বেশ কয়েকবার সোমালি জলদস্যুদের জাহাজ ছিনতাইয়ের খবর দেখেছি। ২০১০ সালে আরেকটি বাংলাদেশি জাহাজ এমভি জাহান মনির ছিনতাইয়ের খবরেরও খোঁজ রাখতাম। তখন অপহৃত নাবিকদের উদ্ধারের জন্য প্রাণ ভরে দোয়া করতাম।,, শাহনূর জানিয়েছেন, ``আমরা পরিবারের সবাই মিলে গতকাল যখন ইফতার করতে বসি তখন আমার ছেলে ফোন করে জানায় 'আমাদের সবাইকে বন্দি করে ফেলছে সোমালিয়ার জলদস্যুরা। আমরা আপাতত নিরাপদে আছি, মানে আমাদের কোনো ক্ষতি করেনি। কিন্তু ওরা বন্দুক নিয়ে আমাদের চারদিকে টহল দিচ্ছে। যে কোনো মুহূর্তে যে কোনো কিছু ঘটে যেতে পারে।, খুব টেনশনে আছি। আপনারা সবাই দোয়া করবেন।,, এই জাহাজে ২৫ দিনের মতো খাবার আছে এবং দুইশ টন পানীয় জল আছে।

বার্তাসংস্থা রয়টার্স জানিয়েছে, ২০ জনের মতো জলদস্যু জাহাজে আছে। জাহাজটি মোজাম্বিকের মাপুতু বন্দর থেকে সংযুক্ত আরব আমিরাত যাচ্ছিল। বাংলাদেশের সময় বেলা দেড়টা নাগাদ সোমালি জলদস্যুরা জাহাজে উঠে পড়ে এবং নিয়ন্ত্রণ নেয়। জাহাজটিতে ৫৫ হাজার টন কয়লা রয়েছে। জাহাজটিতে থাকা ২৩ জন নাবিকের সবাই বাংলাদেশি। জাহাজটির মালিক হলো চট্টগ্রামের কবির গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান।

যুক্তরাজ্যের মেরিটাইম ট্রেড অপারেশন (ইউকে এমটিও) তাদের ওয়েবসাইটে জানিয়েছে, এই ঘটনাটি ঘটেছে সোমালিয়ার রাজধানী মোগাদিসু থেকে ৬০০ নটিক্যাল মাইল পূর্বে। জলদস্যুরা একটি বড় ও একটি ছোট নৌযানে করে আসে। তারা ওই এলাকায় চলাচলকারী অন্য জাহাজগুলিতে সতর্ক করে দিয়েছে। আতিক উল্লাহ বাড়িতে জানিয়েছেন, তাদের একটা কেবিনে রাখা হয়েছে। সশস্ত্র জলস্যুরা বাইরে পাহারা দিচ্ছে। ওই জাহাজটি কেএসআরএম গ্রুপের। সংস্থার মিডিয়া অফিসার মিজানুল ইসলাম বুধবার সাংবাদিকদের বলেছেন, ``কর্মকর্তারা আজ সকালে কয়েকজন ক্রুর সঙ্গে শেষবারের মতো যোগাযোগ করতে পেরেছিলেন এবং ক্রুরা নিরাপদ এবং শারীরিকভাবে সুস্থ আছেন। তিনি জানান, জলদস্যুরা এখন জাহাজটির সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে এবং তারা সোমালিয়া উপকূলের দিকে যাচ্ছে। উপকূলে পৌঁছাতে আরও একদিন সময় লাগবে হয়তো।,, মিজানুল বলেছেন, ``জাহাজ ছিনতাই করার পর এবং মুক্তিপণ দাবি করার আগে জলদস্যুরা নিরাপদ এলাকায় পৌঁছানোর চেষ্টা করে। আর জলদস্যুরা যোগাযোগ না করা পর্যন্ত নাবিক বা জাহাজ উদ্ধারের জন্য আলোচনা শুরু করার সুযোগ নেই।,, (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৩.০৩.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## বিজয় সরণি এলাকায় একটি প্রাইভেট কারের উপর উল্টে পড়েছে একটি বালুবাহী ট্রাক

রাজধানীর বিজয় সরণি এলাকায় একটি প্রাইভেট কারের উপর উল্টে পড়েছে একটি বালুবাহী ট্রাক। এতে দুমড়ে মুচড়ে যায় প্রাইভেট কারটি ভিতরে আটকা পড়েন চালক সোহেল রানা। মঙ্গলবার দিবাগত রাত দেড়টার দিকে বিজয় সরণি সিগন্যালে এই দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান তেজগাঁও ফ্লাইওভার থেকে নেমে বিজয় সারণির দিকে যাচ্ছিল প্রাইভেট কারটি। অন্যদিকে জাহাঙ্গীর গেটের দিক থেকে আসছিল বালুবাহী একটি ট্রাক। বিজয় সারণি সিগনালে পৌঁছালে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা দেয় ট্রাফিক পুলিশের ছাউনিতে। উল্টে পড়ে প্রাইভেট কারের উপর এতে দুমড়ে মুখড়ে যায় প্রাইভেট কারটি। এ সময় ভেতরে আটকা পড়েন প্রাইভেট কারের চালক সোহেল রানা। ভেতরে তিনি একাই ছিলেন। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলাকায় স্থানীয় লোকজনের সঙ্গে ছাত্রলীগের নেতাকর্মীদের সংঘর্ষ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলাকায় স্থানীয় লোকজনের সঙ্গে ছাত্রলীগের নেতাকর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় তিন ছাত্র আহত হওয়ার খবর পাওয়া গেছে। মঙ্গলবার বিকেলে এ ঘটনা ঘটে। স্থানীয় বাসিন্দা বিশ্ববিদ্যালয়ের একজন কর্মচারীর সঙ্গে ছাত্রলীগের এক কর্মীর কথা কাটাকাটির জের ধরে এ সংঘর্ষ হয় বলে জানা গেছে। সংঘর্ষে জড়ানো ছাত্রলীগের এ অংশ উপপক্ষ বিজয়ের নামে পরিচিত। উপপক্ষের নেতৃত্ব দেন সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ ইলিয়াস। তিনি বলেন এ হামলায় তিন থেকে চারজন আহত হয়েছে তারা এটি সমাধানের চেষ্টা করছেন।
(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

## আজ সন্ধ্যায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে এভার কেয়ার হাসপাতালে নেওয়া হবে

আজ সন্ধ্যায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে এবার কেয়ার হাসপাতালে নেয়া হবে। বুধবার সকালে বিএনপির চেয়ারপারসনের প্রেস উইং কর্মকর্তা শামসুদ্দিন দিদার বিষয়টি জানিয়েছেন। তিনি জানান মেডিকেল বোর্ডের সিদ্ধান্তক্রমে শারীরিক কিছু জরুরি পরীক্ষা-নিরীক্ষার জন্য আজ সন্ধ্যা সাড়ে ছটায় বেগম খালেদা জিয়াকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে নেয়া হবে। এর আগে গত ৮ ই ফেব্রুয়ারি স্বাস্থ্য পরীক্ষার জন্য বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে নেওয়া হয়। স্বাস্থ্যের পরীক্ষা নিরীক্ষা শেষে ওই দিনই তাকে আবার বাসায় নেয়া হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

## ৩৫ বছর আগের ছগিরা মোরশেদ হত্যা মামলায় দুই আসামির যাবজ্জীবন কারাদণ্ড

৩৫ বছর আগে রাজধানীর সিদ্ধেশ্বরীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ছগিরা মোরশেদ হত্যা মামলায় দুই আসামির যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার ঢাকার বিশেষ জজ আদালত ৩ এর বিচারক মোঃ আলী হোসেন এই রায় ঘোষণা করেন। যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামিরা হলেন আনাস মাহমুদ ওরফে রেজওয়ান ও মারুফ রেজা। কারাদণ্ডের পাশাপাশি তাদেরকে পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া অভিযোগ প্রমাণিত না হয় নিহতের ভাশুর ডাক্তার হাসান আলী চৌধুরী ও তার স্ত্রী সায়েদাতুল মাহমুদা ওরফে শাহীনকে বেকসুর খালাস দিয়েছেন আদালত। ১৯৮৯ সালের ২৫শে জুলাই সগিরা মোরসেদকে গুলি করে হত্যা করা হয়। ওই ঘটনায় তার স্বামীর করা মামলায় মারুফ রেজা ও আনাস মাহমুদকে আসামি করা হয়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

## রেস্তোরাঁয় অভিযান চালিয়ে কতজনকে গ্রেফতার করা হয়েছে তার তালিকা চেয়েছেন হাইকোর্ট

রাজধানীর বেইলি রোডের আগুনের ঘটনার পরে রাজধানী বিভিন্ন রেস্তোরাঁয় অভিযান চালিয়ে মোট কতজনকে গ্রেফতার করা হয়েছে আইজিপির কাছে তার তালিকা চেয়েছেন হাইকোর্ট। বুধবার বিচারপতি মোস্তফা জামান ইসলামের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। সেইসঙ্গে কেন তাদেরকে গ্রেফতার করা বেআইনি হবে না তা জানতে চেয়ে রুল ও জারি করেন হাইকোর্ট। স্বরাষ্ট্র সচিব শ্রম ও কর্মসংস্থান সচিব আইন সচিব আইজিপিকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

## ক্ষমতার জন্য নয় বিএনপি গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য রাজনীতি করে: মঈন খান

ক্ষমতার জন্য নয় বিএনপি গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য রাজনীতি করে বলে মন্তব্য করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ডঃ আব্দুল মঈন খান। তিনি বলেছেন মানুষের ভোটের অধিকার নিশ্চিতের জন্য শান্তিপূর্ণভাবে আন্দোলন করে এ সরকারের পতন ঘটানো হবে। বুধবার রাজধানীর শাহজাহানপুরে সদ্য কারামুক্তি পাওয়া ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য সচিব রফিকুল আলম বজলুর বাসায় তাকে দেখতে গিয়ে এমন মন্তব্য করেন মঈন খান। মঈন খান বলেন গতবছরের ২৮ অক্টোবরের পর থেকে ২৬ হাজার নেতাকর্মীকে গ্রেফতার করেছে আইন-শৃঙ্খলা বাহিনী। রিমান্ডে ও কারাগারে তাদের নির্মম নির্যাতন করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

## জিম্মি বাংলাদেশি জাহাজ-এর কর্মকর্তা আতিকুল্লাহ তার স্ত্রীকে অডিও বার্তা পাঠিয়েছেন

ভারত মহাসাগরের সোমালিয়ায় জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এম ভি আব্দুল্লাহ এর প্রধান কর্মকর্তা মোহাম্মদ আতিকুল্লাহ খান তার স্ত্রীর কাছে একটি অডিও বার্তা পাঠিয়েছেন। সেখানে তিনি জানান মুক্তিপণ না দিলে সবাইকে এক এক করে মেরে ফেলার হুমকি দিয়েছে সোমালিয়ান জলদস্যুরা। মঙ্গলবার ইফতারের পর আতিকুল্লাহ তার স্ত্রীর কাছে অডিও বার্তাটি পাঠিয়েছেন। তেইশ বাংলাদেশি নাবিকসহ বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এম ভি আব্দুল্লাহ গত রোববার মোজাম্বিক থেকে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ের উদ্দেশ্যে রওনা দিয়েছিল। সোমবার ভারত মহাসাগরের সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়ে এটি। পণ্যবাহী জাহাজটির মালিকানা প্রতিষ্ঠান কবীর গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ মঙ্গলবার দুপুর ১ টার দিকে জাহাজটি জলদস্যুতের কবলে পড়ার খবর জানতে পারে জাহাজটির মালিকানা প্রতিষ্ঠান। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

**খুলনা-৪ সংসদ সদস্য সালাম মোর্শেদীর দখলে থাকা গুলশানের বাড়ি পরিত্যক্ত সম্পত্তি ঘোষণা**

খুলনা ৪ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন বাফুফের সহ-সভাপতি আব্দুস সালাম মোর্শেদ এর দখলে থাকা রাজধানীর গুলশানের বাড়ি সরকারি পরিত্যক্ত সম্পত্তি এবং এটি স্বীকৃত বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। আজ বুধবার বিচারপতি মোহাম্মদ নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী ইবাদত হোসেনের হাইকোর্ট বেঞ্চ এই মন্তব্য করেন। সালাম মোর্শেদের আইনজীবীদের উদ্দেশ্য করে হাইকোর্ট বলেন দুদকসহ অন্যান্য সংস্থার তদন্ত রিপোর্টে এটি প্রমাণিত যে সালাম মোরশেদের গুলশানের বাড়ি সরকারের পরিত্যক্ত সম্পত্তি। এই সম্পত্তি কীভাবে সালাম মোর্শেদ পেলেন কীভাবে তার কাছে হস্তান্তর হলো এটি আমাদের দেখাতে হবে। পরে আদালত সালাম মোর্শেদের আইনজীবীর আবেদনের পরিপ্রেক্ষিতে বাড়ি নিয়ে যায় ঘোষণার জন্য আগামী ১৮ দিন ধার্য করেন। এর আগে গতকাল খুলনা ৪ আসনের সংসদ সদস্য বাংলাদেশ ফুটবল ফেডারেশন বাফুফের সহ-সভাপতি আব্দুস সালাম মোর্শেদের দখলে থাকা গুলশানের বাড়ি নিয়ে রায় ঘোষণার দিন পিছিয়ে আজকে দিন ধার্য করেন হাইকোর্ট।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

**বৈশ্বিক মন্দা ও নানামুখী চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও সরকার শ্রমবান্ধব পরিবেশ তৈরি করতে দৃঢ় প্রতিজ্ঞ**

বৈশ্বিক মন্দা ও নানামুখী চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও সরকার শ্রমবান্ধব পরিবেশ তৈরিতে দৃঢ় প্রতিজ্ঞ বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেছেন সরকার শ্রমজীবী মানুষের কল্যাণে প্রয়োজনীয় শ্রম সম্পর্ক তৈরির জন্য সকল পদক্ষেপ গ্রাহণ করে চলেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দারিদ্র্য ও শোষণমুক্ত বাংলাদেশ বিনির্মাণের স্বপ্নের আলোকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার শ্রম পদক্ষেপ বা শ্রম ক্ষেত্রে পদক্ষেপ নিয়ে চলেছে। মঙ্গলবার সুইজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক শ্রম সংস্থার ৩৫০ তম গভর্নিং বোর্ডের অধিবেশনে এসব কথা বলেন তিনি। বুধবার আইন মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

**চাঁদাবাজি এবং বাজার কমিটির সিন্ডিকেটের কারণে সবজির দাম বাড়ছে: এ এইচ এম শফিকুজ্জামান**

ট্রাকে ট্রাকে চাঁদাবাজি এবং বাজার কমিটির সিন্ডিকেটের কারণে সবজির দাম বাড়ছে বলে মন্তব্য করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এ এইচ এম শফিকুজ্জামান। আজ বুধবার সকালে কাওরান বাজারে প্রান্তিক খামারিদের সংগঠন বাংলাদেশ পোল্ট্রি অ্যাসোসিয়েশনের উদ্যোগে ন্যায্য মূল্যে মুরগির ডিমসহ বিভিন্ন পণ্য বিক্রি কার্যক্রমের উদ্বোধন শেষে এ কথা জানান তিনি। শফিকুজ্জামান বলেন সবজির দাম বাড়ছে চাঁদাবাজি ও বাজার কমিটির সিন্ডিকেটের কারণে। এজন্য কাওরান বাজারসহ বিভিন্ন বাজার কমিটি বাতিলের জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে চিঠি দেওয়া হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

**মালয়েশিয়ায় পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে এক বাংলাদেশিসহ তিনজন নিহত**

মালয়েশিয়ায় পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে এক বাংলাদেশিসহ তিনজন নিহত হয়েছে যাদেরকে দেশটির সেন্ট্রো গ্যাংয়ের সদস্য বলছে মালয়েশিয়ান পুলিশ। পুলিশ বলছে সম্প্রতি সোনার দোকানে ডাকাতি ছিনতাই ও ভাঙচুরের সঙ্গে এই সেন্ট্রো গ্যাং সদস্যরা জড়িত। গত সোমবার সকাল ১১:৩০ টার দিকে পেকান কোয়ানত্যাং বাইপাসে এই বন্দুকযুদ্ধ হয়। দেশটির সরকারি সংবাদ সংস্থা বার্নামা জানিয়েছে ৩৪ থেকে ৪৪ বছর বয়সী সন্দেহভাজন দুই ভিয়েতনামি নাগরিক এবং একজন বাংলাদেশি নাগরিক যার বয়স ৩৮ বছর। তবে তাদের নাম পরিচয় বিস্তারিত প্রকাশ করেনি দেশটির পুলিশ। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

**আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আগামী কয়েক দিন বৃষ্টি হতে পারে**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আগামী কয়েক দিন বৃষ্টি হবে। তবে এই সময়ে তাপমাত্রা বাড়তে পারে বলেও জানিয়েছে আবহাওয়া দপ্তর। মঙ্গলবার সন্ধ্যা ছয়টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার বার্তায় বলা হয়েছে খুলনা এবং বরিশাল বিভাগের দু এক জায়গায় বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে আর রাতের তাপমাত্রা এক থেকে দুই ডিগ্রি সেলসিয়াস বাড়তে পারে। এদিকে বুধবার সন্ধ্যা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় কুমিল্লা এবং নোয়াখালী অঞ্চলসহ ঢাকা খুলনা বরিশাল সিলেট বিভাগের দু এক জায়গায় বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টি হতে পারে বলে আবহাওয়ার পূর্বাভাসের বলা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ রুবাইয়া)

**রমজান মাসে ইফতার পার্টি না করে সেই অর্থ নিয়ে অসহায় মানুষের পাশে দাঁড়ান : প্রধানমন্ত্রী**

রমজান মাসে ইফতার পার্টি না করে সেই অর্থ দিয়ে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এই আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মাহবুব

হোসেন প্রেস ব্রিফিংয়ে বিস্তারিত জানান। বৈঠকে ৮ বিভাগে কৃষিপণ্যের জন্য আধুনিক সংরক্ষণাগার করার নির্দেশ ও দেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ )

**আটক বাংলাদেশি নাবিকদের যে-কোন মূল্যে দেশে ফেরত আনতে আমরা বদ্ধপরিকর : প্রতিমন্ত্রী**

ভারত মহাসাগরে সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজের নাবিকদের সুস্থ ফেরত আনার বিষয়ে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়া হচ্ছে বলেও জানান তিনি। বুধবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান এখন পর্যন্ত থাকা খবর অনুযায়ী নাবিকরা সুস্থ এবং ভালো আছেন। ২৩ বাংলাদেশি নাবিকসহ বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ গত রোববার মোজাম্বিক থেকে দুবাইয়ের দিকে যাচ্ছিল। সোমবার ভারত মহাসাগরে সোমালি জলদস্যুদের কবলে পড়ে এটি। পণ্যবাহী জাহাজটির মালিকানাধীন প্রতিষ্ঠান কবির গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ। বিষয়টিতে নৌপরিবহন প্রতিমন্ত্রী আজ সাংবাদিকদের জানালেন যে-কোনো মূল্যে নাবিকদের আমরা বাংলাদেশে ফেরত আনতে বদ্ধপরিকর।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ )

**সোমালি জলদস্যুদের সাথে এখনো আনুষ্ঠানিক কোনো যোগাযোগ স্থাপন করা যায়নি : পররাষ্ট্রমন্ত্রী**

সোমালিয়ার জলদস্যুদের সঙ্গে এখনো আনুষ্ঠানিক যোগাযোগ স্থাপন করা যায়নি বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে এক ব্রিফিংয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন দ্বিতীয় পক্ষের মাধ্যমে যোগাযোগের চেষ্টা অব্যাহত রাখা হয়েছে। তবে নাবিকদের ছাড়াতে মুক্তিপণ দেওয়া হবে কি না কৌশলগত কারণে এখনই তা প্রকাশ করা হবে না। পররাষ্ট্রমন্ত্রী আরও জানিয়েছেন জলদস্যুদের হাতে জাহাজ আটকের বিষয়ে মন্ত্রিপরিষদের আনুষ্ঠানিকভাবে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিষয়টা নিয়ে সোচ্চার রয়েছেন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ )

**বিএনপি'র সঙ্গে কোনো আলোচনা যাবে না সরকার : ওবায়দুল কাদের**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন বিএনপি নেতারা অবিবেচনা প্রসূত ও অযৌক্তিকভাবে মিডিয়ার সামনে সংলাপের মাধ্যমে আলাপ-আলোচনার বিষয়টি উত্থাপন করেছেন। রাজনৈতিক দেউলিয়াত্বেরভারে বিধ্বস্ত জনবিচ্ছিন্ন বিএনপির এই আলোচনার আবদার অর্থহীন। কারণ তারা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে রাজনৈতিক রীতিনীতির তোয়াক্কা না করে ধ্বংসাত্মক কর্মকাণ্ডে মেতে উঠেছিল। বুধবার আওয়ামী লীগের দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়ার সই করা এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন গণতান্ত্রিক ব্যবস্থা সুসংহত রাখার লক্ষ্যে রাষ্ট্রপতি এবং নির্বাচন কমিশনের পক্ষ থেকে বিএনপিকে আলোচনার জন্য আহ্বান করা হলেও তারা সাড়া দেয়নি। বরং নির্বাচন বানচালের জন্য সর্বাত্মক অপচেষ্টা চালিয়েছিল। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ)

**রাজধানীবাসীকে এলপিজি ব্যবহারের পরামর্শ দিলেন বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী**

রাজধানীর বিভিন্ন এলাকায় গ্যাসের গ্রাহকরা যারা গ্যাস পাচ্ছেন না স্বল্প চাপ পাচ্ছেন তাদের বিকল্প হিসেবে এলপিজি ব্যবহার করতে বলেছেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। বুধবার বিদ্যুৎ ভবনে গ্যাস সরবরাহ নিয়ে এক বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। প্রতিমন্ত্রী বলেন আমরা আশা করছি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে পারব। তবে রমজানে কিছু সময় বিদ্যুৎ বিভ্রাট দেখাতে পারে। কোন শিল্প কারখানায় গ্যাস সরবরাহ বন্ধ করার কোন সিদ্ধান্ত হয়নি বলেও জানিয়েছেন জ্বালানি প্রতিমন্ত্রী।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ)

**ঈদুল ফিতর উপলক্ষ্যে রেলের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে ২৪ শে মার্চ থেকে**

ঈদুল ফিতর উপলক্ষ্যে আগামী ২৪ মার্চ থেকে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি করবে বাংলাদেশ রেলওয়ে। ২৪ মার্চ বিক্রি হবে তিন এপ্রিলের টিকিট। ২৫, ২৬, ২৭, ২৮,২৯ ও ৩০ মার্চ বিক্রি হবে যথাক্রমে ৪,৫,৬,৭,৮ ও ৯ এপ্রিলের টিকিট। অনলাইনের মাধ্যমে সব টিকিট বিক্রয় করা হবে। সকাল আটটা থেকে পশ্চিমাঞ্চলগামী টিকিট এবং দুপুর দুইটা থেকে পূর্বাঞ্চলগামী ট্রেনের টিকিট বিক্রি হবে। ফিরতি ট্রেনের টিকিট বিক্রি শুরু হবে ৩ এপ্রিল থেকে। সেদিন ১৩ই এপ্রিলের টিকিট পাওয়া যাবে। বাংলাদেশ রেলওয়ের ভারপ্রাপ্ত মহাপরিচালক সর্দার শাহাদাত আলী রেল ভবনে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান। রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ )

**গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ হয়েছেন ৩৫ জন**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার তেলিরচালা এলাকায় একটি বাড়িতে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে কমপক্ষে ৩৫ জন দগ্ধ হয়েছেন। বুধবার সন্ধ্যা পৌনে ৬টার দিকে তেলিরচালা এলাকায় শফিক খানের বাড়িতে ঘটনাটি ঘটে। রাত পৌনে আটটার দিকে দগ্ধ ৩৫ জনকে শেখ হাসিনার জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে। বিষয়টি

নিশ্চিত করে বার্ন ইনস্টিটিউটের ডা. তারিকুল ইসলাম জানিয়েছেন নারী শিশুসহ যে ৩৫ জন দগ্ধ হয়েছেন তাদের জরুরি বিভাগে চিকিৎসা দেয়া হচ্ছে। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৩.০৩.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### রোহিঙ্গাদের জন্য ফান্ড সংকট, এ বছর ৮৫ কোটি ডলার চায় জাতিসংঘ

মিয়ানমার থেকে পালিয়ে এসে বাংলাদেশে আশ্রায় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের জন্য সাহায্য বাড়ানোর আহ্বান জানিয়েছে জাতিসংঘ। কারণ যথাযথ ফান্ডের অভাবে সেখানের অনেকেই পর্যাপ্ত খাবার ও অন্যান্য ত্রাণ সহায়তা পাচ্ছে না। বাংলাদেশে অবস্থান করা রোহিঙ্গা শরণার্থী ও হোস্ট কমিউনিটির জন্য জরুরি ত্রাণ সহায়তায় ৮৫ কোটি ডলারের বেশি অর্থের আবেদন জানিয়েছে জাতিসংঘ। এক বিবৃতিতে জাতিসংঘের শরণার্থী সংস্থা জানিয়েছে, বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রায় ৯৫ শতাংশই অরক্ষিত ও মানবিক সহায়তার ওপর নির্ভরশীল। মিয়ানমারে সংঘাত বেড়ে যাওয়ায় বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক সংহতি ও শরণার্থী সুরক্ষা আগের চেয়ে বেশি প্রয়োজন বলেও জানায় সংস্থাটি। গত বছর জাতিসংঘ ও এর অংশীদাররা রোহিঙ্গা শরণার্থীদের সাহায্য করার জন্য দেশগুলোর কাছে ৮৫ কোটি ডলারের বেশি চেয়েছিল। কিন্তু মাত্র ৪৪ কোটি ডলার পাওয়া যায়। সংস্থাটি জানায়, শরণার্থীদের অনেকেই প্রয়োজনীয় চাহিদা মেটাতে হিমশিম খাচ্ছে। তাই জরুরিভিত্তিতে সহায়তা প্রয়োজন। রোহিঙ্গা ক্যাম্পে যারা সহায়তা পাচ্ছে তাদের মধ্যে ৭৫ শতাংশের বেশি নারী ও শিশু। তারা নানা ধরনের ঝুঁকির মধ্যে আছে বলেও উল্লেখ করা হয়েছে সংস্থাটির বিবৃতিতে। এই সংকটে জাতিসংঘের নেতৃত্বে অন্তত ১১৭ অংশীদার কাজ করছে যার প্রায় অর্ধেকই বাংলাদেশি। ২০১৭ সালে মিয়ানমারের সামরিক বাহিনী রাখাইন রাজ্যে অভিযান শুরু করে। এরপর সীমান্ত পাড়ি দিয়ে প্রায় ১০ লাখ রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে আসে। এখনো রাখাইনে সংঘাত চলছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

### বিএনপির সংলাপের আবদার অর্থহীন : সেতুমন্ত্রী

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন  ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এক বিবৃতিতে বিএনপি নেতাদের অযৌক্তিক ও অবিবেচনা প্রসূত বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বুধবার গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, 'জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্যদিয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশের জনগণের ভোটে নির্বাচিত হয়ে বর্তমান সরকার জনআকাঙ্ক্ষাকে ধারণ করে রাষ্ট্র পরিচালনা করছে। দেশে কোনো গণতান্ত্রিক ও সাংবিধানিক সংকট নেই। আগামী পাঁচ বছর পরে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এখন জাতির সামনে এমন কোনো সংকট নেই, যার জন্য রাজনৈতিক দলসমূহের মধ্যে সংলাপের কোনো আবশ্যকতা বা প্রয়োজন রয়েছে।' তিনি বলেন, 'বিএনপি নেতারা অবিবেচনাপ্রসূত ও অযৌক্তিকভাবে মিডিয়ার সামনে সংলাপের মাধ্যমে আলাপ-আলোচনার বিষয়টি উত্থাপন করেছে। রাজনৈতিক দেউলিয়াত্বের ভারে বিধ্বস্ত জনবিচ্ছিন্ন বিএনপির এ আলোচনার আবদার অর্থহীন। কারণ তারা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে রাজনৈতিক রীতি-নীতির তোয়াক্কা না করে ধ্বংসাত্মক কর্মকাণ্ডে মেতে উঠেছিল। গণতান্ত্রিক ব্যবস্থা সুসংহত রাখার লক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং নির্বাচন কমিশনের পক্ষ থেকে বিএনপিকে আলোচনার জন্য আহ্বান করা হলেও তখন তারা সাড়া দেয়নি। গণতন্ত্রের পথ পরিহার করে যারা আগুন সন্ত্রাসের মাধ্যমে নির্বিচারে মানুষ হত্যায় মেতে উঠেছিল তাদের সঙ্গে সংলাপ হতে পারে না।' বিবৃতিতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'বাংলাদেশ আওয়ামী লীগ সব সময় গণতন্ত্রের সুষ্ঠু বিকাশ এবং উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশের অগ্রগতির ধারাকে সমুন্নত রাখতে আমরা বদ্ধপরিকর।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

### শ্রমবান্ধব পরিবেশ তৈরি করতে চায় সরকার : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, 'বৈশ্বিক মন্দা ও নানামুখী চ্যালেঞ্জ থাকা স্বত্বেও সরকার শ্রমবান্ধব পরিবেশ তৈরিতে দৃঢ়প্রতিজ্ঞ এবং শ্রমজীবী মানুষের কল্যাণে প্রয়োজনীয় শ্রম সম্পর্ক তৈরির জন্য সব পদক্ষেপ গ্রহণ করে চলেছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দারিদ্র্য ও শোষণমুক্ত বাংলাদেশ বিনির্মাণের স্বপ্নের আলোকেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শ্রমক্ষেত্রে পদক্ষেপ নিয়ে চলেছে।' সুইজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক শ্রম সংস্থার ৩৫০তম গভর্নিং বডি অধিবেশনে মঙ্গলবার এসব কথা বলেন তিনি। শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার উন্নয়নে সরকার কর্তৃক গৃহীত রোড ম্যাপ এর আলোকে আইনগত সংস্কার, ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শ্রম সংক্রান্ত পরিদর্শন এবং শ্রমিকদের অন্যান্য অধিকার, এ চারটি ক্ষেত্রে শ্রম সংস্থার অধিবেশনে বাংলাদেশের অগ্রগতি তুলে ধরেন আইনমন্ত্রী। প্রস্তাবিত বাংলাদেশ শ্রম আইন সংশোধন বিলে ট্রেড ইউনিয়ন নিবন্ধনের জন্য শিল্পখাতে প্রয়োজনীয় শ্রমিক সংখ্যা ২০ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ এবং অন্যান্য ক্ষেত্রে ৩০ শতাংশ থেকে কমিয়ে আনা, ইউনিয়নের প্রতি অনায্য আচরণের শাস্তি দ্বিগুণ করা, বেআইনিভাবে কারখানা বন্ধ করার শাস্তি তিনগুণ করা, শিশু শ্রমের শাস্তি চারগুণ করার বিধান রাখার কথাও উল্লেখ করেন তিনি। তাছাড়া প্রস্তাবিত এ সংশোধনীটিতে বেসামরিক

বিমান পরিবহন খাতে এবং নৌ পরিবহন খাতে ট্রেড ইউনিয়ন গঠন ও পরিচালনা সহজীকরণ, শ্রম আপিল ট্রাইব্যুনালের রায়ে আপিল আবেদন সহজীকরণ সংক্রান্ত বিধান সংযুক্ত করার কথাও তিনি উল্লেখ করেন। প্রস্তাবিত এ সংশোধনীটিতে আন্তর্জাতিক শ্রম সংস্থার বিভিন্ন কনভেনশনের অধিকতর প্রতিফলন ঘটানো হয়েছে বলে তিনি অধিবেশনকে অবহিত করেন। যথাযথ ত্রিপক্ষীয় আলোচনা শেষে দ্রুততার সঙ্গে সম্ভব হলে, জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে শ্রম আইনের সংশোধন বিল আকারে উপস্থাপিত হতে পারে বলে মন্ত্রী জানান। প্রচলিত আবেদন প্রক্রিয়ার পাশাপাশি অনলাইন ভিত্তিক ট্রেড ইউনিয়ন নিবন্ধন চালু করা, প্রাক-আবেদন সেবা চালুকরণ, প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের ফলে ট্রেড ইউনিয়ন নিবন্ধনের ক্ষেত্রে গুণগত ও পরিমাণগত অগ্রগতি সাধিত হয়েছে বলে মন্ত্রী জানান। এর ফলে তৈরি পোশাক খাতে গত নয় বছরে নিবন্ধন নয়গুণ বৃদ্ধি পেয়েছে এবং বর্তমানে প্রায় ত্রিশ লাখ শ্রমিক ট্রেড ইউনিয়নভুক্ত হয়েছে। তাছাড়া, ট্রেড ইউনিয়ন নিবন্ধনভুক্তি আবেদনের সফলতার হার গত চার বছরে ৬০ শতাংশ থেকে ৯০ শতাংশে উন্নীত হয়েছে বলেও জানান আইনমন্ত্রী। আইনমন্ত্রী আনিসুল হক আরো বলেন, 'কারখানা পরিদর্শকের পদ আড়াইগুণ বৃদ্ধি, ডিজিটাল প্রযুক্তির সহায়তায় পরিদর্শন মডিউল চালু করা, পরিদর্শকদের মানসম্মত প্রশিক্ষণ প্রদানের ফলে কারখানা ও স্থাপনা পরিদর্শনে দৃশ্যমান উন্নতি হয়েছে। কেবল গত ২০২৩ সালের শেষ ছয় মাসে বিশ হাজারেরও বেশি পরিদর্শন অনুষ্ঠিত হয়েছে বলে তিনি তথ্য প্রদান করেন। তাছাড়া ইপিজেডগুলোতে নিজস্ব উন্নত পরিদর্শন ব্যবস্থা থাকা স্বত্বেও মানোন্নয়নের লক্ষ্যে শ্রম মন্ত্রণালয়ের অধীন কারখানা পরিদর্শন অধিদফতরও পরিদর্শন শুরু করেছে। বর্তমানে মোট ১৩টি শ্রম আদালত কাজ করে যাচ্ছে। এর পাশাপাশি উচ্চক্ষমতাসম্পন্ন বিকল্প বিরোধ নিষ্পত্তি সেল চালু করা হয়েছে যা অদ্যাবধি প্রাপ্ত ৯০ শতাংশের বেশি সালিশ আবেদনের নিষ্পত্তি করেছে। শ্রমিকদের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে অভিযোগ সহজে দায়ের করার জন্য সরকার কর্তৃক চালু করা হেল্পলাইন সফলভাবে কাজ করেছে বলেও তিনি জানান। ট্রেড ইউনিয়নের অধিকার নিশ্চিত করতে এবং ট্রেড ইউনিয়ন কর্মীদের প্রতি বৈষম্য বন্ধের লক্ষ্যে সরকার গত তিন বছরে প্রায় ছত্রিশ হাজার শ্রমিক, ব্যবস্থাপক, মালিক, সংশ্লিষ্ট সরকারি কর্মচারী, আইন শৃঙ্খলারক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রশিক্ষণ প্রদান করেছে। সরকার এ সংক্রান্ত অভিযোগ পেলে সুষ্ঠু তদন্তের মাধ্যমে বিচারিক ব্যবস্থা গ্রহণ করে। উক্ত অধিবেশনে শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায় সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন ব্যবস্থার সাধিত গুরুত্বপূর্ণ অগ্রগতির প্রশংসা করে আইএলও গভর্নিং বডির অধিকাংশ সদস্য বক্তব্য রাখেন। তার দ্রুত বাস্তবায়নের সঙ্গে সঙ্গে সুপারভাইজরি বডিদের সংশ্লিষ্টতায় আইএলও এর কারিগরি সহায়তার উপর গুরুত্বারোপ করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## ঈদে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু ২৪শে মার্চ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে আগামী ২৪শে মার্চ থেকে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু করতে যাচ্ছে বাংলাদেশ রেলওয়ে। চলবে ৩০শে মার্চ পর্যন্ত। বুধবার, ১৩ই মার্চ রেলওয়ে ভবনে আন্তঃমন্ত্রণালয় বৈঠককে এই তথ্য জানান রেলওয়ের ভারপ্রাপ্ত মহাপরিচালক সরদার সাহাদাত আলী। তিনি বলেন, 'আগামী ৩রা এপ্রিলের যাত্রার টিকিট পাওয়া যাবে ২৪শে মার্চ, ৪ঠা এপ্রিলের টিকিট ২৫শে মার্চ, ৫ই এপ্রিলের টিকিট ২৬শে মার্চ, ৬ই এপ্রিলের টিকিট ২৭শে মার্চ, ৭ই এপ্রিলের টিকিট ২৮শে মার্চ, ৮ই এপ্রিলের টিকিট ২৯শে মার্চ, ৯ই এপ্রিলের টিকিট পাওয়া যাবে ৩০শে মার্চ। একইভাবে ফিরতি টিকিট বিক্রি শুরু হবে ৩রা এপ্রিল থেকে। অর্থাৎ ৩রা এপ্রিল পাওয়া যাবে ১৩ই এপ্রিলের টিকিটি। যথাক্রমে ১৪ই, ১৫ই, ১৬ই, ১৭ই, ১৮ই, ১৯শে এপ্রিলের টিকিট পাওয়া যাবে পর্যায়ক্রমে ৪ই, ৫ই, ৬ই, ৭ই, ৮ই, ৯ই এপ্রিল। পূর্বাঞ্চলের টিকিট সকাল ৮টা থেকে এবং পশ্চিমাঞ্চলের সমস্ত আন্তঃনগর ট্রেনের টিকিট বিকেল ২টা থেকে বিক্রি শুরু হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## জিম্মি নাবিকদের সুস্থ ফেরত আনতে আমরা বদ্ধপরিকর : নৌ-পরিবহন প্রতিমন্ত্রী

সোমালীয় জলসীমায় জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজের নাবিকদের সুস্থ ফেরত আনার বিষয়ে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও দাবি করেছেন তিনি। বুধবার, ১৩ই মার্চ সচিবালয়ে আসন্ন ঈদুল ফিতরে ফেরি, স্টিমার, লঞ্চসহ জলযান সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতে কর্মপন্থা গ্রহণের বৈঠকের শুরুতে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ কথা বলেন। এখন পর্যন্ত থাকা খবর অনুযায়ী নাবিকরা সুস্থ এবং ভালো আছেন বলেও জানিয়েছেন খালিদ মাহমুদ চৌধুরী। ভারত মহাসাগরে জলদস্যুর কবলে পড়েছে বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহ। জাহাজটি কয়লা নিয়ে আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে দুবাইয়ের দিকে যাচ্ছিল। জাহাজটিতে ২৩ জন ক্রু ছিলেন। অপহরণ হওয়া জাহাজ উদ্ধারের অগ্রগতি জানতে চাইলে নৌ প্রতিমন্ত্রী বলেন, 'আমাদের কথা হচ্ছে যে কোনো মূল্যে নাবিকদের আমরা বাংলাদেশে ফেরত আনতে বদ্ধপরিকর।' তিনি বলেন,'বলা হচ্ছে সোমালিয়া থেকে প্রায় ৬০০ নটিক্যাল মাইল দূরে জাহাজটি। জলদস্যু কারা এটাই এখনো আইডেন্টিফাইড নয়। ওই অঞ্চলটি সোমালিয়ান অঞ্চল সেটি বলা যেতে পারে। তবে সেটা কে তা বলা মুশকিল, সেটা আপনি হতে পারেন আমিও হতে পারি।' পরিবারগুলো উদ্বিগ্ন দিন কাটাচ্ছে, এ বিষয় দৃষ্টি আকর্ষণ করলে প্রতিমন্ত্রী বলেন, 'আমরা সামাজিক জীব, পরিবার নিয়ে বসবাস

করি। যে পরিবারগুলোর সদস্যরা সেখানে আটকে আছে, সে পরিবারগুলোর কীভাবে দিন যাচ্ছে সেটা আমরা অনুভব করছি। প্রধানমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রীকে নির্দেশনা দিয়েছেন। অন্য জায়গাগুলোতে তিনি কথা বলেছেন। নাবিকদের নিরাপদে বাংলাদেশে ফেরত আনার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়া হচ্ছে।' নাবিকদের ফিরিয়ে আনতে কত সময় লাগতে পারে, জানতে চাইলে খালিদ মাহমুদ বলেন, 'যারা এখন জাহাজটি নিয়ন্ত্রণ করছেন তারা তো মানুষ না তারা জলদস্যু। মানুষের সঙ্গে কথা বললে আমি সময় নির্ধারণ করতে পারবো, এতগুলো মিটিং করলে আমরা শেষ করতে পারবো। এটা জলদস্যুদের বিষয়, জলদস্যু আর মানুষ এক নয়। তাই সময়টা এখানে সুনির্দিষ্টভাবে বলা যাবে না।' তিনি বলেন, 'তবে আমরা বদ্ধপরিকর আমাদের নাগরিক নাবিকদের আমরা সুস্থ এবং স্বাভাবিকভাবে বাংলাদেশে ফেরত আনার ব্যাপারে।' নৌ-পরিবহন প্রতিমন্ত্রী বলেন, `ডিপার্টমেন্ট অব শিপিং, মেরিটাইম যতগুলো উইং আছে তারা কাজ করছে। সমন্বিতভাবে আমরা এটি নিয়ে আসতে পারবো। আমরা বসে নেই গতকাল বিকেল থেকেই এটা থেকে এক মুহূর্ত বিচ্যুত নই, সবসময় সংযুক্ত আছি। পররাষ্ট্র মন্ত্রণালয়কে আমরা এ বিষয়ে অবহিত করেছি। জাহাজটাকে উদ্ধার করার জন্য আমরা সকলের সহযোগিতা চেয়েছি। আমরা প্রথম যে বিষয়টি গুরুত্ব দিচ্ছি সেটা হচ্ছে, জাহাজে ২৩ জন নাবিক রয়েছেন, সেই ২৩ জন নাবিকের জীবন নিরাপদ রাখা, জীবন রক্ষা করে তাদের নিরাপদ জায়গায় নিয়ে আসাটা হচ্ছে আমাদের প্রথম কাজ।, তিনি বলেন, `যেসব জলদস্যু জাহাজটাকে অকুপাইড করে রেখেছে নাবিকদের আটকে রেখেছে, তাদের নিয়ন্ত্রণেই আছে। নাবিকরা এখনো নিরাপদে আছেন ও সুস্থ আছেন।, জাহাজ উদ্ধারে ভারতের সহযোগিতা চাওয়া হয়েছে জানিয়ে তিনি বলেন, 'তারা কীভাবে সহযোগিতা করবে সেটি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং আন্তর্জাতিক উইংগুলোর মাধ্যমে বাস্তবায়ন করা হবে।' মুক্তিপণ না দিলে জিম্মিদের হত্যা করা হবে বলে জলদস্যুরা হুমকি দিচ্ছে, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে খালিদ মাহমুদ চৌধুরী বলেন, `আমাদের কাছে এই ধরনের সংবাদ এখন পর্যন্ত আসেনি।, জলদস্যুদের সঙ্গে যোগাযোগ হয়েছে কি না, জানতে চাইলে তিনি বলেন, `জলদস্যুদের সঙ্গে যোগাযোগ করার জন্য কিছু সংগঠন আছে। জলদস্যুদের সঙ্গে আমাদের কোনো কার্যক্রম নেই। আমাদের সঙ্গে বিভিন্ন দেশের যোগাযোগ আছে। অলিভিয়া বন্দরে আমাদের জাহাজ আটকে পড়ার পর আমরা কিছু কিছু জায়গায় সহযোগিতা নিয়েছি বলে সেখানে সফলতা পেয়েছি। যেকোনো মূল্যে আমাদের নাবিকদের বাংলাদেশের ফেরত আনতে আমরা বদ্ধপরিকর।, (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## জাহাজে খাবার আছে ২৫ দিনের, পরিবহন রত কয়লা নিয়ে শঙ্কা

সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ'য় ২০ থেকে ২৫ দিনের মতো খাবার আছে। এছাড়া বিশুদ্ধ পানি রয়েছে ২০০ টন। তবে দাহ্য হওয়ায় জাহাজে পরিবহনরত ৫৫ হাজার টন কয়লা নিয়ে দেখা দিয়েছে শঙ্কা। জাহাজের প্রধান কর্মকর্তা মোঃ আতিকউল্লাহ খান এক অডিও বার্তায় জাহাজটির মালিকপক্ষ এস আর শিপিং-এর কর্মকর্তাদের এসব তথ্য জানিয়েছেন। ভারত মহাসাগরে জলদস্যুরা যখন এমভি আবদুল্লাহর নিয়ন্ত্রণ নিচ্ছিল, তখন কৌশলে তিনি এই বার্তা পাঠান।আতিকউল্লাহ খান বলেন, `প্রক্সিমেটলি ২০–২৫ দিনের প্রোভিশন বা রসদ আছে স্যার। ২০০ মেট্রিক টন ফ্রেস ওয়াটার আছে। আমরা অলরেডি সবাইকে বলছি ফ্রেস ওয়াটার সেফলি ব্যাবহার করতে। প্রোভিসনও আমরা ওভাবে হ্যান্ডেল করবো।, জাহাজে থাকা ৫৫ হাজার টন কয়লা নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, `আমাদের একটা প্রবলেম হচ্ছে, আমাদের জাহাজে কোল কার্গো আছে। অ্যাবাউট ফিফটি ফাইভ থাউজ্যান্ডস। এটি একটু ডেইঞ্জারাস কার্গো, এটা হেজার্ড আছে। এটার মিথেন কনসেনট্রেশন বাড়ে। সর্বশেষ অক্সিজেন লেভেল ৯-১০ পার্সেন্ট ছিল। এটা রেগুলার আপডেট নিতে হয়। ইনক্রিজ হলে বিশেষজ্ঞের পরামর্শ প্রয়োজন হবে।, এসময় তিনি কর্তৃপক্ষকে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান। ওই অডিও বার্তায় জাহাজে জলদস্যুদের হামলার বর্ণনা দিয়ে তিনি বলেন, `গ্রিনিচ মান সময় ৭টা ৩০ মিনিট, বাংলাদেশ সময় মঙ্গলবার দুপুর দেড়টা। এই সময় একটা হাই স্পিডবোট আমাদের দিকে আসতে থাকে। সঙ্গে সঙ্গে আল্যার্ম দেই। আমরা সবাই ব্রিজে গেলাম। ক্যাপ্টেন স্যার আর জাহাজের দ্বিতীয় কর্মকর্তা ব্রিজে ছিলেন তখন। আমরা এসওএস বা জীবন বাঁচানোর জরুরি বার্তা করলাম। ইউকে এমটিওতে অর্থাৎ যুক্তরাজ্যের মেরিটাইম ট্রেড অপারেশননে যোগাযোগের চেষ্টা করেছি। তারা ফোন রিসিভ করেনি। এরপর জলদস্যুরা চলে এলো।, আতিক উল্লাহ খান বলেন, `তারা ক্যাপ্টেন স্যার ও দ্বিতীয় কর্মকর্তাকে ঘিরে ফেললো। আমাদের ডাকলো। আমরা সবাই এলাম। এ সময় কিছু গোলাগুলি করলো। সবাই ভয় পেয়েছিলাম। সবাই ব্রিজে বসে ছিল। তবে কারো গায়ে হাত দেয়নি। এর আগে জিম্মি করা ইরানের মালিকানাধীন একটি মাছ ধরার জাহাজ দিয়ে তারা সাগরে বড় জাহাজ খুঁজতেছিল। আমাদের জাহাজটি থামিয়েছে তারা। জাহাজের কোনো ক্ষয়ক্ষতি হয়নি। আমাদেরও কোনো ক্ষয়ক্ষতি হয়নি।, সর্বশেষ বুধবার, ১৩ই মার্চ বেলা ১১টার দিকে নাবিকদের একজন ইব্রাহীম খলিল উল্লাহ পরিবর্তিত পরিস্থিতির অবস্থা জানিয়ে তার ভাতিজাকে ভয়েস মেসেজ করেন। তিনি বলেন, `আমাদের সোমালিয়া নিয়ে যাওয়া হচ্ছে। আমরা আগামীকাল সেখানে পৌঁছাবো। যতটুক কথা হয়েছে, সেখানে আমাদের অপর একটি পার্টির কাছে হস্তান্তর করা হবে।, মঙ্গলবার বাংলাদেশ সময় দুপুর ১টার দিকে ভারত মহাসাগরে সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহতে জিম্মি আছেন ২৩ জন বাংলাদেশি নাবিক ও ক্রু।

আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে জাহাজটি জলদস্যুর কবলে পড়ে। এরপর বাংলাদেশ সময় বিকেল সাড়ে ৫টার দিকে জাহাজটি ভারত মহাসাগর থেকে সোমালিয়া নিয়ে যাওয়ার কাজ শুরু করে দস্যুরা। বর্তমানে নাবিকদের ইন্টারনেট কানেকশন বন্ধ পাওয়া যাচ্ছে। এমভি আব্দুল্লাহ দেশের শীর্ষ শিল্প গ্রুপ কেএসআরএমের মালিকানাধীন এসআর শিপিংয়ের জাহাজ। এর দৈর্ঘ্য ১৮৯ দশমিক ৯৩ মিটার এবং প্রস্ত ৩২ দশমিক ২৬ মিটার। প্রথমে জাহাজটির নাম ছিল `গোল্ডেন হক,। বাংলাদেশের কেএসআরএম গ্রুপের বহরে যুক্ত হওয়ার পর এর নাম হয় `এমভি আবদুল্লাহ,। এটি একটি বাল্ক কেরিয়ার। বুধবার সকাল ১০টা ৪০ মিনিটে এমভি আবদুল্লা সোমালিয়া উপকূল থেকে প্রায় ২৭৫ নটিক্যাল মাইল দূরে অবস্থান করছিল। আগামী ২৪ থেকে ৩০ ঘন্টার মধ্যে সোমালিয়ার কোনো বন্দরে নোঙর করা হতে পারে জাহাজটি। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশন, বিএমএমওএ-এর সাধারণ সম্পাদক মোহাম্মদ শাখাওয়াত হোসেন বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। তিনি বলেন `জলদস্যুদের নিজস্ব চ্যানেল আছে। কয়েকটি গ্রুপ ভাগ হয়ে এ কাজটি করে। যারা জাহাজ ছিনতাই করেছে তারা সোমালিয়া বন্দরে নিয়ে গিয়ে অন্য পার্টির কাছে দিয়ে দেবে। তারাই মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করবে। আমরা মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ রাখছি। এখন পর্যন্ত সেই ধরনের মেসেজ আসেনি। তাদের পদক্ষেপ গভীরভাবে পর্যবেক্ষণ করছি। বাংলাদেশি নাবিকদের নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছি।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## সংসদ সদস্য ভবনসমূহের ভাড়া বাড়ানোর সুপারিশ

মানিক মিয়া অ্যাভিনিউ ও নাখালপাড়ায় সংসদ সদস্য ভবনসমূহের ভাড়া বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে দ্বাদশ জাতীয় সংসদের সংসদীয় কমিটি। বুধবার, ১৩ই মার্চ দ্বাদশ জাতীয় সংসদের সংসদীয় কমিটির প্রথম বৈঠক কমিটির সভাপতি জাতীয় সংসদের চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরীর সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। বৈঠকে কমিটির সদস্য হুইপ ইকবালুর রহিম, হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন, এ বি তাজুল ইসলাম, আশেক উল্লাহ রফিক, কাজী নাবিল আহমেদ, খাদিজাতুল আনোয়ার, এস এম শাহজাদা, সাজ্জাদুল হাসান ও এ কে এম মোস্তাফিজুর রহমান অংশগ্রহণ করেন। কমিটিতে ন্যাম ভবনের জমি ব্যবহার করে দ্রুত সময়ে আন্ডারপাস নির্মাণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। এ লক্ষ্যে তিন সদস্যবিশিষ্ট একটি সাব কমিটি গঠন করা হয় এবং সাজ্জাদুল হাসানকে আহ্বায়ক করে কাজী নাবিল আহমেদ ও এস এম শাহজাদাকে সদস্য করা হয়। বৈঠকে মানিক মিয়া অ্যাভিনিউ ও নাখালপাড়ায় সংসদ সদস্য ভবনসমূহের ভাড়া বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। কমিটি রাজধানী উচ্চবিদ্যালয়ে গাড়ির হাট না বসাতে এবং স্কুল কার্যক্রমের বাইরে কোনো অনুষ্ঠান হলে জাতীয় সংসদের নিরাপত্তা শাখার সুপারিশক্রমে করার সুপারিশ করে। জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, গণপূর্ত অধিদফতর, স্থাপত্য অধিদফতর, সড়ক ও জনপথ অধিদফতর, ঢাকা সিটি কর্পোরেশন, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## ঈদের পর বঙ্গবাজারে বহুতল ভবনের নির্মাণ কাজ শুরু হবে : মেয়র তাপস

পবিত্র ঈদুল ফিতরের পরেই বঙ্গবাজার মার্কেটের নির্মাণ কাজ শুরু হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস। বুধবার, ১৩ই মার্চ দুপুরে সেগুনবাগিচা কমিউনিটি সেন্টারে পবিত্র রমজান উপলক্ষে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা জানান। গত ৪ এপ্রিল আগুনে পুরোপুরি পুড়ে যায় বঙ্গবাজার। সে সময় ডিএসসিসির করা তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী বঙ্গবাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীর সংখ্যা ৩ হাজার ৮৪৫। পুড়ে যাওয়া বঙ্গবাজার কমপ্লেক্সে মোট দোকান ছিল ২ হাজার ৯৬১টি। এর মধ্যে বঙ্গ ইউনিটে ৮৬৩টি, গুলিস্তান ইউনিটে ৮২৮টি, মহানগর ইউনিটে ৫৯৯টি, আদর্শ ইউনিটে ৬৭১টি দোকান ছিল। এছাড়া মহানগর শপিং কমপ্লেক্সে ৭৯১টি, বঙ্গ ইসলামিয়া মার্কেটে ৫৯টি এবং বঙ্গ হোমিও কমপ্লেক্সে দোকান ছিল ৩৪টি। শেখ ফজলে নূর তাপস বলেন, 'ক্ষতিগ্রস্ত মার্কেটসহ অবকাঠামো উন্নয়নে ২০ নম্বর ওয়ার্ডে আমাদের ৬০০ কোটি টাকার বেশি কার্যক্রম চলমান রয়েছে। এখন যেভাবে পরিচালিত হচ্ছে, আগামী ঈদুল ফিতর পর্যন্ত বঙ্গবাজারে সেভাবেই ব্যবসা পরিচালিত হবে। ঈদের পরই আমরা সেখানে নতুন মার্কেট নির্মাণ কাজে হাত দেবো। আমাদের দরপত্র কার্যক্রম প্রায় শেষ। সেখানে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন আমরা আবারো তাদের সেখানে উঠিয়ে দিতে পারবো। আমরা আশা করছি, 'প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এই মার্কেটের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## ইফতার পার্টি না করে মানুষের পাশে দাঁড়ানোর অনুরোধ প্রধানমন্ত্রীর

রমজান মাসে ইফতার পার্টি না করে সেই অর্থ দিয়ে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর অনুরোধ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার, ১৩ই মার্চ মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এই অনুরোধ জানান। প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী। বৈঠক শেষে সচিবালয়ে

মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান। এর আগে সরকারিভাবে বড় ইফতার পার্টি না করার নির্দেশ দিয়েছিলেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে আট বিভাগে কৃষিপণ্যের জন্য আধুনিক সংরক্ষণাগার করারও নির্দেশ দেন প্রধানমন্ত্রী। মন্ত্রিপরিষদ সচিব বলেন, `প্রধানমন্ত্রী আজ একটা আবেদন জানিয়েছেন, বিশেষ করে প্রধানমন্ত্রী এরই মধ্যে ইফতার পার্টি না করার জন্য একটি সিদ্ধান্ত দিয়েছেন। তিনি বলেছেন যে, যারা আগ্রহী বা যাদের সাধ্য আছে তারা যেন সাধ্য অনুযায়ী সাধারণ মানুষের পাশে দাঁড়ায়। ইফতার পার্টির যে টাকা সেটি নিয়ে যেন মানুষের পাশে দাঁড়ায়।, তিনি বলেন, `আর দুটি সুস্পষ্ট নির্দেশনা দিয়েছেন। সেটি হচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধুর সমবায় নিয়ে একটি স্বপ্ন ছিল। সেই স্বপ্নের আলোকে যাতে করে কৃষি ভিত্তিক সমবায় গড়ে তোলা যায় সেজন্য কৃষি মন্ত্রণালয় এবং পল্লি উন্নয়ন বিভাগকে নির্দেশনা দিয়েছেন।, মাহবুব হোসেন বলেন, `আর একটি নির্দেশনা দিয়েছেন, আট বিভাগে পর্যায়ক্রমে কৃষি পণ্য সংরক্ষণাগার তৈরির নির্দেশ দিয়েছেন। যাতে করে আমাদের বিভিন্ন কৃষিপণ্য অফ সিজনে দাম বেড়ে যায় বা সংরক্ষণের সুযোগ আমাদের কম থাকে, এজন্য খুব আধুনিকতম সংরক্ষণাগার তৈরির করতে বলেছেন তিনি। সেখানে ভিন্ন ভিন্ন চেম্বার থাকবে। যে পণ্যের জন্য যে মাত্রায় তাপমাত্রা মেইনটেন করতে হবে, সেটি মেইনটেন করে যাতে দীর্ঘ মেয়াদে এই পণ্যগুলো মেইনটেন করে বাজারের সরবরাহ স্বাভাবিক রাখা যায় সে ব্যাপারে সুস্পষ্ট নির্দেশনা দিয়েছেন।,মন্ত্রিপরিষদ সচিব বলেন, `এগুলো মন্ত্রিসভার সিদ্ধান্ত হিসেবে গ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী আমরা সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে ফলোআপ করবো।, রমজানের প্রস্তুতি হিসেবে কে কী করছেন, মন্ত্রীরা সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে তথ্য নিয়েছেন এবং প্রধানমন্ত্রীকে জানিয়েছেন বলে জানান মন্ত্রিপরিষদ সচিব। তিনি বলেন, `তিন মন্ত্রণালয় কী কী করেছে তা জানিয়েছে। যেমন, মৎস্য মন্ত্রণালয় থেকে কিছু উদ্যোগ নেওয়া হয়েছে। মাছ ও মাংস বিক্রির উদ্যোগ নেওয়া হেয়েছে, তা প্রধানমন্ত্রীকে জানানো হয়েছে। বাজার নিয়ন্ত্রণে সারাদেশে বাজার মনিটিং কার্যক্রম অবহিত করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে যে, বেশ কয়েকটি বড় কোম্পানি ঢাকা শহরে এবং ঢাকার বাইরে অন্যান্য জায়গায় মিলগেটে যে রেট সেই রেটে তারা তাদের পণ্য বিক্রি করবে। মাঝখানে অনেক হাত হয়, সেজন্য মিলগেটে নিজ উদ্যোগে তেল, ডাল, চিনি বিক্রি শুরু করেছে এবং এটির পয়েন্ট আরো বাড়বে বলে জানানো হয়েছে।, (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## শাস্তি কমাতে সংশোধন হচ্ছে সড়ক পরিবহন আইন

বিভিন্ন অপরাধের শাস্তি কমিয়ে সড়ক পরিবহন আইন, ২০২৪-এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বুধবার, ১৩ই মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান। খসড়া সংশোধিত আইনে বিভিন্ন ধারায় শাস্তি কমানো হয়েছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। ১২টি ধারায় বিভিন্ন অপরাধের শাস্তি কমানো হয়েছে জানিয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'বেশিরভাগই আর্থিক জরিমানার পরিমাণ কমানো হয়েছে। আগে তিনটি ধারায় অপরাধ অজামিনযোগ্য রাখা হলেও সেখানে এখন একটি ধারা অজামিনযোগ্য রাখা হয়েছে বলেও জানান মাহবুব হোসেন। তিনি বলেন, `কারিগরি নির্দেশ না মানলে এতদিন তিন বছর জেল দেওয়ার বিধান ছিল। এই অপরাধের সাজা আগের মতো রাখা হলেও এটিকে অজামিনযোগ্য থেকে জামিনযোগ্য করা হয়েছে। নিয়ন্ত্রহীনভাবে বা ওভারলোডে গাড়ি চালানোর পর দুর্ঘটনা হলে সেটিকে অজামিনযোগ্য থেকে জামিনযোগ্য অপরাধ করা হয়েছে। এখন শুধুমাত্র দুর্ঘটনায় মারা গেলে বা গুরুতর আহত হলে তা অজামিনযোগ্য অপরাধ হবে বলেও জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। ২০১৮ সালে সড়ক পরিবহন আইন করা হয় জানিয়ে মাহবুব হোসেন বলেন, `সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর নেতৃত্বে সড়ক নিরাপত্তা কাউন্সিল এই আইন সংশোধনের সিদ্ধান্ত নেয়। পরে স্বরাষ্ট্রমন্ত্রীকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি করা হয়। তাদের সুপারিশের ভিত্তিতে আইন সংশোধন করা হচ্ছে।, ড্রাইভিং লাইসেন্স প্রস্তুত সংক্রান্ত অপরাধ করলে এতদিন ২ বছর জেল ও ৫ লাখ টাকা জরিমানার বিধান ছিল, সেটিকে কমিয়ে ২ বছর জেল ও ৩ লাখ টাকা করা হচ্ছে। লাইসেন্স বাতিলের পরেও যানবাহন চালালে বর্তমান আইনে ৩ মাস কারাদণ্ড ও ২৫ হাজার টাকা জরিমানার বিধান রয়েছে। এখন তা কমিয়ে ৩ মাস জেল ও ১৫ হাজার হাজার টাকা করা হচ্ছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। তিনি বলেন, 'লাইসেন্স ছাড়া কন্ডাক্টরের দায়িত্ব পালন করলে এক মাস কারাদণ্ড, পাঁচ হাজার টাকা জরিমানার সাজা বহাল রাখা হয়েছে। এই ধারায় এখন কন্ডাক্টরের সঙ্গে সুপারভাইজার শব্দটি যোগ করা হয়েছে। ভাড়ার চার্ট না দেখালে বা বেশি ভাড়া নিলে এতদিন ১ মাস জেল বা ১০ হাজার টাকা জরিমানা করা হতো। দুটো অপরাধ একসাথে করলে এতদিন এই শাস্তি দেওয়া হতো। এখন চার্ট প্রদর্শন না করলে বা বেশি ভাড়া দাবি করলে এই সাজা দেওয়া হবে। মিটার টেম্পারিং করলে ৬ মাসের জেল, ৫০ হাজার টাকা জরিমানা হতো। এখন এই অপরাধের জন্য তিন মাসের কারাদণ্ড, ২৫ হাজার টাকা জরিমানা করা হবে, সঙ্গে এক পয়েন্ট কাটা যাবে। সরকার নির্ধারিত হারের থেকে টার্মিনাল চার্জ বেশি নিলে তা চাঁদাবাজি হিসেবে আমলে নিয়ে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব। তিনি আরো বলেন, 'বর্তমান আইন অনুযায়ী ট্র্যাফিক সাইন ও সংকেত না মানলে ১০ হাজার টাকা জরিমানা করা হতো। এখন জরিমানার পরিমাণ কমিয়ে ২ হাজার টাকা করা হচ্ছে।

অতিরিক্ত ওজন বহন করলে ৩ বছর জেল ও ৩ লাখ টাকা জরিমানা করা হতো। এখন সেটিকে বদলে ১ বছর জেল, ১ লাখ টাকা জরিমানার বিধান করা হচ্ছে। এর সঙ্গে চালকের এক পয়েন্ট কাটা যাবে। পরিবেশ দূষণকারী মোটরযান চালালে ৩ মাস জেল ও ২৫ হাজার টাকা জরিমানা করা হতো। এটিকে কমিয়ে এক মাস জেল ও ১০ হাজার টাকা জরিমানা করার প্রস্তাব করা হয়েছে বলেও জানান তিনি। যত্রতত্র যাত্রী ওঠানামা করালে বর্তমান আইনে পাঁচ হাজার জরিমানার সঙ্গে চালকের ১ পয়েন্ট কাটা হতো। এটিকে বদলে শুধু এক হাজার টাকা জরিমানার বিধান করা হচ্ছে। কি অবস্থায়, কীভাবে গাড়ি চালাতে হবে সেই নির্দেশনা অমান্য করলে এতদিন ৩ মাস জেল ও ১০ হাজার টাকা জরিমানার বিধান ছিল। সেটিকে বদলে এক মাস জেল ও ১০ হাজার টাকা জরিমানার বিধান করা হচ্ছে বলেও জানিয়েছেন মাহবুব হোসেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## রাজনীতিতে নারীর অন্তর্ভুক্তি কার্যকর গণতন্ত্রের সহায়ক : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, `বাংলাদেশের মোট জনসংখ্যার অর্ধেকের বেশি নারী। তবে নারী ভোটার সংখ্যা পুরুষের অনুপাতে বেশি। রাজনৈতিক দলগুলোতে নারীর অন্তর্ভুক্তি দেশকে আরো কার্যকর গণতন্ত্রের দিকে পরিচালিত করে।, মঙ্গলবার, ১২ই মার্চ যুক্তরাজ্যের হাউজ অব কমন্সের চার্চিল হলে বাংলাদেশ হাইকমিশন আয়োজিত আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন তিনি। `লেভারেজিং পার্লামেন্টারি ডেমোক্রেসি ফর পলিটিক্যাল এমপাওয়ারমেন্ট অব উইমেন, বাংলাদেশ পার্সপেক্টিভ, শীর্ষক আলোচনায় অংশ নেন তিনি। স্পিকার বলেন, `নারীদের যোগ্যতাবলেই বিচার বিভাগ, নির্বাহী বিভাগ ও জাতীয় সংসদে জায়গা করে নিতে হবে। জাতীয় সংসদের প্রথম নারী স্পিকার হওয়াকে অনেকে নারীর ক্ষমতায়নের এক বিশাল উদাহরণ হিসেবে ধরে নেন। তবে এটা একটি প্রতীক, যা দিয়ে বোঝা যায় যে নারী যদি যথেষ্ট যোগ্যতা অর্জন করতে পারে তাহলে সে সাফল্যের শিখরেও পৌঁছাতে পারে।, তিনি বলেন, `নারীর রাজনৈতিক ক্ষমতায়নের জন্য রাষ্ট্রকে অবশ্যই লিঙ্গ সংবেদনশীল বিভিন্ন আইন ও নীতি গ্রহণ করতে হবে। লিঙ্গ ভারসাম্য বজায় রাখতে পারলে দেশে নারীর ক্ষমতায়ন আরো দ্রুত হবে। জেন্ডার রেসপন্সিভ বাজেটিং এক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে পারে।, ড. শিরীন শারমিন চৌধুরী আরো বলেন, `নারীর রাজনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় সংসদে ১৫টি সংরক্ষিত নারী আসনের বিধান রেখেছিলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংরক্ষিত নারী আসন সংখ্যা ৫০টিতে উন্নীত করেছেন। সরাসরি নির্বাচনের জাতীয় সংসদে অধিক সংখ্যক নারী সংসদ সদস্য অন্তর্ভুক্ত করার কার্যক্রম চলমান।, পরবর্তী সময়ে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠক শেষে তিনি সিপিএর মহাসচিব স্টিফেন টুইগের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মত বিনিময় করেন। অনুষ্ঠানে যুক্তরাজ্যের হাউজ অব কমন্সের সংসদ সদস্য, কূটনীতিক, কমনওয়েলথভুক্ত দেশ থেকে আগত প্রতিনিধি ও যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাঈদা মুনা তাসনিম উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## চরাঞ্চলকে কৃষি প্রযুক্তির আওতায় আনলে খাদ্য নিরাপত্তা নিশ্চিত হবে : স্থানীয় সরকারমন্ত্রী

স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, 'বাংলাদেশে ৮ হাজার ৩১৫ বর্গমিটার চরভূমিতে বসবাসকারী নাগরিকের সংখ্যা ৮০ লাখের বেশি। পলিমাটি সঞ্চিত চরের এ বিশাল জমিতে বিভিন্ন ফসল এবং প্রাণিসম্পদের ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির আওতায় আনা গেলে বাংলাদেশের খাদ্য নিরাপত্তা অনেকাংশে নিশ্চিত করা সম্ভব হবে।' তিনি বলেন, 'দেশের মূল ভূখণ্ড আর বৃদ্ধি পাওয়ার সুযোগ নেই কিন্তু চরাঞ্চলে আমাদের ভূখণ্ড দিন দিন বাড়ছে। তাই চরাঞ্চলের জীবনমান উন্নয়ন এবং সেখানকার কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে হলে আমাদের বিভিন্ন পদক্ষেপ নিতে হবে।' বুধবার, ১৩ই মার্চ রাজধানীর একটি অভিজাত হোটেলে চরাঞ্চলের টেকসই অবকাঠামো, বর্তমান প্রেক্ষিত, প্রতিবন্ধকতা ও উত্তরণের পথ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তাজুল ইসলাম বলেন, 'বিরূপ জলবায়ু অভিঘাতের প্রাথমিক ধাক্কা প্রথমেই চরাঞ্চলের ওপর আসে বলে চরে অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে আরো গবেষণা হওয়া প্রয়োজন। সঠিক জরিপ ও গবেষণার মাধ্যমে চর উপযোগী অবকাঠামো স্থাপন করতে হবে।' মন্ত্রী এসময় চরে উৎপাদিত বিভিন্ন কৃষি পণ্যের জন্য সুষ্ঠুভাবে বিপণন ব্যবস্থা শক্তিশালী করার ওপরও গুরুত্ব আরোপ করেন। দেশে এবং বিদেশে অর্গানিক সবজির প্রচুর চাহিদা রয়েছে উল্লেখ করে তিনি বলেন, 'চরে বিভিন্ন রকমের অর্গানিক সবজি এবং ফসল চাষের সম্ভাবনা আমাদের কাজে লাগাতে হবে।' স্থানীয় সরকারমন্ত্রী বলেন, 'চরের উন্নয়নের সঙ্গে বাংলাদেশের সামস্টিক অর্থনৈতিক ভবিষ্যৎ জড়িত। তাই চরাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা উন্নত হলে তা দেশের কৃষিক্ষেত্রসহ অর্থনীতিতে ভূমিকা রাখবে।' পল্লি উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী আব্দুল ওয়াদুদ বলেন, 'চরাঞ্চলের উন্নয়নে সরকারের নানা উদ্যোগ এবং প্রকল্প চরের মানুষের জীবনমান উন্নয়নে অবদান রাখছে। এসব উন্নয়নমূলক কার্যক্রম বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।' প্রতিমন্ত্রী বলেন, 'চরে উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে যোগাযোগের অবকাঠামো নির্মাণের মাধ্যমে মার্কেট লিংকেজ স্থাপন করতে হবে। এ প্রেক্ষাপটে আজকের এ সেমিনারে আপনাদের মতামত ভবিষ্যৎ পরিকল্পনা

প্রণয়নে কার্যকর ভূমিকা রাখবে।' সেমিনারে সভাপতিত্ব করেন পল্লি উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মোসাম্মৎ হামিদা বেগম এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আব্দুল ওয়াদুদ। এতে স্বাগত বক্তব্য দেন এমফোরসি প্রকল্পের টিম লিডার আব্দুল আওয়াল। সূচনা বক্তব্য দেন, এমফোরসি প্রকল্পের পরিচালক আব্দুল মাজিদ প্রামানিক। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় চর অ্যালায়েন্স ও উন্নয়ন সমন্বয়ের সভাপতি এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর আতিউর রহমান।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## ট্রেনের টিকিট কালোবাজারি রোধে সিক্রেট ব্যবস্থা নেওয়া হয়েছে : রেলমন্ত্রী

ট্রেনের টিকিট কালোবাজারি রোধে সিক্রেট ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন রেলপথমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম। বুধবার, ১৩ই মার্চ বিকেল ৩টায় ঈদে ট্রেনের যাত্রীসেবার প্রস্তুতি নিয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন মন্ত্রী। মন্ত্রী বলেন, `সাংবাদিকরা অনেক সময় বলে থাকেন যে রেলের টিকিট কালোবাজারের সঙ্গে সহজ ডট কমের লোকজন জড়িত। আমরা বিষয়টি অবগত আছি। তাদের সতর্ক করা হয়েছে। আমরা যাত্রীদের সেবার মান বাড়াতে চাই। যাত্রীদের অসুবিধায় ফেলে আমরা কাউকে কোনো সুযোগ সুবিধা দিতে চাই না। সে যেই হোক না কেন। টিকিট কালোবাজারি রোধে আমরা একটু সিক্রেট ব্যবস্থা নিয়েছি। আপাতত এতটুকুই বললাম। আমরা নতুন নতুন কিছু যুক্ত করেছি।, মন্ত্রী আরো বলেন, 'আমরা অবৈধভাবে দখলে থাকা রেলের জমি উদ্ধারের কার্যক্রম শুরু করেছি। আমি আগে আমার নিজ এলাকায় শুরু করেছি। সেখানে বেশ কিছু অবৈধভাবে দখলে থাকা জমি উদ্ধার করা হয়েছে। যাতে পরে কেউ কিছু বলতে না পারে। রেলের জমি অবৈধভাবে কেউ দখলে রাখতে পারবে না।' রেলের যাত্রী সেবার মান বাড়াতে আরো জনবল প্রয়োজন উল্লেখ করে মন্ত্রী বলেন, 'আমাদের জনবল সংকট রয়েছে। আমরা জনবল বাড়ানোর চেষ্টা করছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## পর্যটন শিল্পে জাপানকে বিনিয়োগের আহ্বান পর্যটনমন্ত্রীর

বাংলাদেশের পর্যটন শিল্পের উন্নয়নে জাপানকে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান। বুধবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরির সঙ্গে বৈঠককালে মন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন, 'বাংলাদেশ দক্ষিণ এশিয়ার মধ্যে বিনিয়োগের সবচেয়ে উত্তম পরিবেশ নিশ্চিত করে। একই সঙ্গে বাংলাদেশের অভ্যন্তরীণ পর্যটক বৃদ্ধির পাশাপাশি বিদেশি পর্যটক আকর্ষণে নানাবিধ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাই আমাদের বিদ্যমান পর্যটন অবকাঠামো উন্নয়ন এবং নতুন পর্যটন কেন্দ্র নির্মাণে জাপানি বিনিয়োগ একটি লাভজনক উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।' এসময় সরকারের পক্ষ থেকে জাপানি বিনিয়োগকারীদের সব প্রকার সহযোগিতা প্রদান করা হবে বলে আশ্বাস দেন মন্ত্রী। ফারুক খান বলেন, 'বাংলাদেশ এবং জাপানের বন্ধুত্ব বর্তমানে কৌশলগত পর্যায়ে উন্নীত হয়েছে। জাপান বাংলাদেশের পরীক্ষিত উন্নয়ন অংশীদার। এরই মধ্যে বাংলাদেশের এভিয়েশন খাতের উন্নয়নে কাজ করছে জাপান। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তৃতীয় টার্মিনাল নির্মাণে অর্থায়ন করেছে জাইকা। এভিয়েশন খাতে সহযোগিতা আরো শক্তিশালী করার পাশাপাশি বাংলাদেশের পর্যটন উন্নয়নে দুই দেশের একত্রে কাজ করার সুযোগ রয়েছে।' সাক্ষাৎকালে রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি বলেন, 'বাংলাদেশের এভিয়েশন শিল্পের উন্নয়নে অংশীদার হতে পেরে জাপান আনন্দিত। তৃতীয় টার্মিনাল নির্মাণ কাজে বাংলাদেশের সঙ্গে একত্রে কাজ করার অভিজ্ঞতা চমৎকার। আমরা আশা করছি দ্রুতই তৃতীয় টার্মিনালের পূর্ণাঙ্গ অপারেশন শুরু করা যাবে। পাশাপাশি বিমানের ঢাকা-নারিতা সরাসরি ফ্লাইট এরই মধ্যে জাপানের যাত্রীদের মধ্যে ইনফ্লাইট সেবা নিয়ে ইতিবাচক মনোভাব তৈরি করেছে।' রাষ্ট্রদূত বলেন, 'পর্যটনে জাপানি বিনিয়োগের বিষয়ে বাংলাদেশের সুনির্দিষ্ট প্রস্তাব পেলে জাপান তা আন্তরিকতার সঙ্গে বিবেচনা করবে। আমরা বিশ্বাস করি, এভিয়েশনের পাশাপাশি পর্যটন শিল্পে দুই দেশ একত্রে কাজ করার ফলে বাংলাদেশ ও জাপানের জনগণের মধ্যকার বন্ধুত্ব আরো দৃঢ় হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## গ্যাস সংকটে এলপিজি ব্যবহারের পরামর্শ দিলেন বিদ্যুৎ প্রতিমন্ত্রী

যে-সব এলাকায় গ্যাস সংকট দেখা দিচ্ছে, ওইসব এলাকায় বসবাসকারীদের এলপিজি ব্যবহারের পরামর্শ দিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। বুধবার, ১৩ই মার্চ বিদ্যুৎ ভবনে অনুষ্ঠিত এক সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। রমজান, গ্রীষ্মকাল ও সেচ মৌসুমে বিদ্যুৎ ও শিল্প শ্রেণিতে গ্যাস বরাদ্দ সংক্রান্ত এ সভা হয়। রাজধানীর বেশিরভাগ এলাকায় গ্যাসের সরবরাহ খুবই কম। রমজানে অনেক এলাকায় সেহরি ও ইফতারের খাবার বানাতে পারছে না, এ বিষয়ে কোনো পরিকল্পনা আছে কি না জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, `যেসব বাসা-বাড়িতে গ্যাসের সংযোগ আছে, যেহেতু আমাদের একটি মাত্র এফএসআরইউ কাজ করছে, ৩০শে মার্চের আগে আরেকটি এফএসআরইউ আসবে না। সুতরাং আমাদের যে আমদানি করা গ্যাস ছিল, ২০ শতাংশ আমরা আমদানি করতাম, তার মধ্যে ১০ শতাংশ কমে গেছে। আমাদের নিজেদের যে গ্যাস ছিল তার থেকেও আমাদের উত্তোলন কমে গেছে। এগুলো বিবেচনায় এনে বাসা-বাড়ির গ্যাসের ব্যাপারে আমাদের বিকল্প একটা সমাধান তো আছেই, এলপিজি।

সবাইকে অনুরোধ করবো, যে-সব এলাকায় গ্যাসের স্বল্পতা দেখা যাচ্ছে তারা যেন এলপিজি ব্যবহারের দিকে নজর দেন।, আগে দেখা গেছে এসব ক্ষেত্রে বড় কলকারখানা বন্ধ রাখার সিদ্ধান্ত হতো। এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নিয়েছেন কি না জানতে চাইলে নসরুল হামিদ বলেন, 'শিল্প এলকায় আমরা গ্যাস বন্ধ করছি না। কারণ শিল্প এলাকার বিষয়ে আমাদের কোনো বিধিনিষেধ থাকছে না। মার্কেটেও কোনো টাইমলাইন ঠিক করছি না। আগে যেমন ছিল তেমনটাই টাইমলাইন থাকবে মার্কেটের। কেবল সিএনজি পাম্প বিকেল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত বন্ধ থাকবে, সে ব্যাপারে আমরা নজরদারি করব। সেচ পাম্পগুলো যেন রাত ১২টা থেকে ভোর ৬টা পর্যন্ত বা ৮টা পর্যন্ত চালু রাখতে পারে।,
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

## ইদে ৮ জোড়া বিশেষ ট্রেন

আসন্ন ইদুল ফিতর উপলক্ষ্যে ঘরমুখো যাত্রীদের সেবা দিতে আট জোড়া বিশেষ ট্রেন পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ রেলওয়ে। বুধবার, ১৩ই মার্চ বিকেল ৩টায় রেলওয়ে ভবনে আন্তঃমন্ত্রণালয় বৈঠকে এ তথ্য জানান রেলওয়ের ভারপ্রাপ্ত মহাপরিচালক সরদার সাহাদাত আলী। তিনি বলেন, ইদ যাত্রীসেবা দিতে মোট আট জোড়া বিশেষ ট্রেন পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে চাঁদপুর ইদ স্পেশাল ১ ও ৩ ট্রেন চট্টগ্রাম-চাঁদপুর রুটে, চাঁদপুর ইদ স্পেশাল ২ ও ৪ ট্রেন চাঁদপুর-চট্টগ্রাম রুটে, ময়মনসিংহ ইদ স্পেশাল-৫ ট্রেনটি চট্টগ্রাম-ময়মনসিংহ রুটে, ময়মনসিংহ ইদ স্পেশাল-৬ ট্রেনটি ময়মনসিংহ-চট্টগ্রাম রুটে, দেওয়ানগঞ্জ ইদ স্পেশাল-৭ ট্রেনটি ঢাকা-দেওয়ানগঞ্জ রুটে, দেওয়ানগঞ্জ ইদ স্পেশাল-৮ ট্রেনটি দেওয়ানগঞ্জ-ঢাকা রুটে চলাচল করবে। এই ট্রেনগুলো আগামী ৫ই এপ্রিল থেকে ইদের আগের দিন এবং ইদের পরের দিন থেকে পাঁচ দিন চলাচল করবে।' কক্সবাজার ইদ স্পেশাল-৯ ট্রেনটি চট্টগ্রাম-কক্সবাজার রুটে, কক্সবাজার ইদ স্পেশাল-১০ ট্রেনটি কক্সবাজার-চট্টগ্রাম রুটে চলাচল করবে। এই ট্রেন দুটি আগামী ৮ই ও ৯ই এপ্রিল এবং ইদের পরের দিন হতে তিনদিন চলাচল করবে। শোলাকিয়া ইদ স্পেশাল-১১ ট্রেন ভৈরববাজার-কিশোরগঞ্জ রুটে, শোলাকিয়া ইদ স্পেশাল-১২ ট্রেন কিশোরগঞ্জ-ভৈরববাজার রুটে, শোলাকিয়া ইদ স্পেশাল-১৩ ময়মনসিংহ-কিশোরগঞ্জ রুটে, শোলাকিয়া ইদ স্পেশাল-১৪ কিশোরগঞ্জ-ময়মনসিংহ রুটে শুধু ইদের দিন চলাচল করবে। এছাড়া ইদ স্পেশাল-১৫ জয়দেবপুর-পার্বতীপুর রুটে, ইদ স্পেশাল-১৬ পার্বতীপুর-জয়দেবপুর রুটে ইদের পূর্বে সাত দিন এবং ইদের দ্বিতীয় দিন হতে তিনদিন চলাচল করবে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ প্রতীক)

# BBC

### BIDEN AND TRUMP SET FOR ELECTION SECURING PARTY NOMINATIONS

US President Joe Biden and his predecessor Donald Trump have both passed the delegate thresholds to clinch their parties nominations for the election in November. Four states, one American territory and Democrats living abroad held their primaries on Tuesday. The result means US voters face a rematch of the 2020 presidential election in eight months time. The nominations will be made official at party conventions this summer.
(BBC Web Page: 13/03/24, FARUK)

### EU SAYS STARVATION BEING USED AS A WEAPON IN GAZA

Starvation is being used as a weapon of war in Gaza, the EU's foreign policy chief has claimed. Josep Borrell described the lack of aid entering the territory as a "manmade" disaster. A Spanish ship carrying desperately needed food supplies has left Cyprus for Gaza, but the UN says this cannot replace the delivery of aid by land. Israel's Prime Minister Benjamin Netanyahu has meanwhile vowed to press on with an offensive in southern Gaza. The quickest, most effective way to get aid into the territory is by road, but aid agencies say Israeli restrictions mean a fraction of what is needed is getting in.
(BBC Web Page: 13/03/24, FARUK)

### NAVALNY ALLY LEONID VOLKOV ATTACKED IN LITHUANIA

A long-time ally of the late Russian opposition leader Alexei Navalny has been attacked outside his home in Lithuania. Leonid Volkov was assaulted with a hammer and tear gas while in his car in Vilnius on Tuesday night, Navalny spokesperson Kira Yarmush said. The alleged assailant is unknown, as is their motive. Lithuanian police have been informed of the incident and are investigating, according to the Reuters news agency. Another member of the Navalny team, Ivan Zhdanov, posted pictures on social media of Mr Volkov with a bloodied lower left leg and what looked like bruising to his temple.
(BBC Web Page: 13/03/24, FARUK)

**THREE EGYPTIAN COPTIC MONKS KILLED IN SOUTH AFRICA**

Three Egyptian Coptic monk have been "brutally killed" inside a monastery in South Africa, the Church has said. Father Takla Moussa, Father Minah ava Marcus and Father Youstos ava Marcus were murdered early on Tuesday, the South African Archdiocese of the Coptic Orthodox Church said in a statement. An Egyptian member of the Church has been arrested as a possible suspect. The murder has sent shockwaves throughout the Coptic Orthodox community in South Africa and beyond. They were killed at the Saint Mark and Saint Samuel the Confessor monastery located in Cullinian, a small town 30km east of the capital, Pretoria. (BBC Web Page: 13/03/24, FARUK)

**CHINA SAYS PHILIPPINES IGNORED SOUTH CHINA SEA DEAL**

China says the Philippines ignored proposals it put forward to manage their dispute in the South China Sea. An unnamed senior Chinese official told news outlet the Manila Times that the deal was met with inaction by the Marcos administration. President Ferdinand Marcos Jr said they did not reject the deal, but said it stood on a questionable premise. The South China Sea is at the centre of a territorial dispute between China, the Philippines and other countries. But tensions between Manila and Beijing have sharply escalated in recent months. (BBC Web Page: 13/03/24, FARUK)

**BIDEN TO SEND NEW $300M WEAPONS PACKAGE TO UKRAINE**

The US will send $300m in military weapons to Ukraine, including ammunition, rockets and anti-aircraft missiles, the White House has said. The surprise announcement comes as a bill in Congress to send further aid to Ukraine stalls amid partisan debate. The US shipment, the first in nearly three months, is intended to prevent Ukraine from losing ground to Russia. National Security Adviser Jake Sullivan said this aid is nowhere near enough to meet Ukraine's battlefield needs. The White House has been appealing to Congress for months to pass a budget that sends aid to Ukraine, as well as Israel and Taiwan.
(BBC Web Page: 13/03/24, FARUK)

**INSIDE THE US PLAN TO GET FOOD INTO GAZA BY SEA**

A US plan to deliver aid to Gaza from a floating pier at sea will be fraught with potential logistical and security challenges. More than 1,000 US troops are expected to participate in the operation although the Pentagon says there will be no boots on the ground. To help achieve that, the US has partnered with a little-known private firm, Fogbow, which is run by former military and Intelligence officials. (BBC Web Page: 13/03/24, FARUK)

**JAPAN ROCKET EXPLODES SECONDS AFTER LAUNCH**

Space One's 'Kairos' rocket burst into flames shortly after lift-off in western Japan on Wednesday. The explosion left a large plume of smoke in the air and sent fiery debris flying near the launchpad. The Tokyo start-up was racist to become Japan's first private company to put a satellite into orbit. (BBC Web Page: 13/03/24, FARUK)

**OCCUPIED UKRAINE FORCED TO VOTE IN PUTIN'S ELECTION**

Moscow has launched a wide-ranging campaign telling residents of occupied parts of Ukraine to vote in Russia's presidential election. For the first time, the national vote is taking place over three days (15-17 March), but additional early voting has already begun in the occupied parts of four Ukrainian regions: Zaporizhzhia, Kherson, Donetsk and Luhansk. One resident complained of pro-Russian collaborators with ballot boxes going from house to house looking for voters accompanied by armed soldiers.
(BBC Web Page: 13/03/24, FARUK)

**UN USES NEW ROUTE FROM ISRAEL TO REACH NORTH GAZA**

The UN says a new land route has been used to deliver food to northern Gaza for the first time in three weeks. The Israeli military said six lorries from the World Food Programme crossed via a gate in the Gaza border fence. Tuesday nights delivery was "part of a pilot to prevent Hamas from taking over the aid", it added. It comes amid global pressure on Israel to allow more access to the Palestinian territory for aid amid a looming famine as it continues its war on Hamas. The UN said the WFP convoy was able to use an Israeli military road that runs along the Gaza border fence to reach the north and deliver enough food for 25,000 people to Gaza City. (BBC Web Page: 13/03/24, FARUK)

**::THE END::**